9	Apocynaceae	*Alstonia scholaris* (L.) R. Br.	Chatian	M, N	T
		Holarrhena antidysenterica (L.) Wallich. *ex* Decne.	Kuruch	M	T
		Plumeria rubra L.	Kat-golap	M, N	T
		Wrightia arborea (Dennst.) Mabb.	Dudh kuruch	M	T
		Allamanda cathartica L.	Mikeful	M, N	S
		Rauvolfia serpentina (L.) Benth. *ex* Kurz	Sarpagandha	M	S
		Tabernaemontana divaricata (L.) R. Br. *ex* Roem. & Schult.	Tagor	N	S
		Catharanthus roseus (L.) G. Don	Nayontara	M, N	H
		Ichnocarpus frutescens (L.) R. Br.	Maitta lou	N	C
10	Araceae	*Alocasia macrorrhizos* (L.) G. Don	Mankatchu	Fd, M	H
		Amorphophallus bulbifer (Roxb.) Blume	Jongle Ol	Fd	H
		Amorphophallus paeoniifolius (Dennst.) Nicolson	Bag katchu, Batema katchu	Fd, M	H
		Caladium bicolor (Ait.) Vent.	Kachu ful	N	H

[2] F = Fuelwood, Fd = Food and Fodder, M = Medicinal, N = Miscellaneous non-timber uses (other than fuel, food, fodder and medicinal), and T = Timber, Nk = Not known.

[3] T = Tree, S = Shrub, H = Herb, C = Climber, F = Pteridophyte, E = Epiphyte, P = Parasite

SN	Faimly	Scientific Name	Local Name	Use[2]	Habit[3]
		Colocasia esculenta (L.) Schott	Katchu	Fd, M	H
		Typhonium trilobatum (L.) Schott	Kharman	Fd, M	H
		Xanthosoma sagittifolium (L.) Schott	Panchamukhi katchu	Fd, M	H
		Xanthosoma violaceum Scott.	Dudh katchu, Dastur	Fd	H
		Pothos scandens L.		M	Ps
		Scindapsus officinalis (Roxb.) Schott	Gaj-pipul, Pipul	M	C
		Syngonium macrophyllum Engl.		N	C
11	Araucariaceae	*Araucaria cunninghamii* Sw.	Christmas tree	N	T
12	Arecaceae	*Areca catechu* L.	Supari	Fd, M, T	T
		Borassus flabellifer L.	Tal	Fd,M,N,T	T
		Cocos nucifera L.	Narikel	Fd,M,N,T	T
		Elaeis guineensis Jacq.	Oil pulm	Fd, N	T
		Phoenix acaulis Buch. – Ham. *ex* Roxb.	Khudi khejur	Fd	T
		Phoenix sylvestris Roxb.	Khejur	Fd, M, N	T
		Calamus tenuis Roxb.	Jali bet	Fd, N	C
		Calamus viminalis Willd.	Boro bet	N	C
13	Asclepiadaceae	*Calotropis gigantea* (L.) R.Br.	Akanda	M	S
		Hoya parasitica (Roxb.) Wall. *ex* Wight	Parasite	Nk	Ps
		Gymnema acuminatum (Roxb.) Wall.		Nk	C
		Hemidesmus indicus (L.) R. Br.	Maitta lou	M, N	C
14	Asteraceae	*Chromolaena odorata* (L.) King & Robinson	Assamgach	M	S
		Ageratum conyzoides L.	Ochunti	M	H
		Blumea lacera (Burm. f.) DC.	Barokukshim, Kuksung	M, N	H
		Chrysanthemum morifolium Ramat	Chandra Mollica	N	H
		Crassocephalum crepidioides (Benth.) S. Moore		Nk	H
		Eclipta alba (L.) Hassk	Kalokeshi, Banda-banda	M	H
		Grangea maderaspatana (L.) Poir	Nemuti, Namuti	M	H
		Spilanthes clava DC.	Surja kannya	M	H
		Synedrella nodiflora (L.) Gaertn		M	H
		Tagetes petula L.	Gada	M, N	H
		Vernonia cinerea (L.) Less	Shial lata, Dankuni	Fd	H
		Xanthium indicum Koen. *ex* Roxb.	Khagra, Ban-okra	Fd, M	H
		Mikania cordata (Burm. f.) Robinson	Assamlata	Fd, M	C
15	Basellaceae	*Basella rubra* L.	Poi shak	Fd, M	C
16	Bignoniaceae	*Stereospermum colais* (Buch-Ham. *ex* Dillw.) Mabberley	Dharmara	M, T	T
		Oroxylum indicum (L.) Kurz	Thona	M	T
17	Bixaceae	*Bixa orellana L.*	Ranggula	M, N	T
18	Bombacaceae	*Bombax ceiba* L.	Shimul	M, T	T
19	Boraginaceae	*Cordia dichotoma* Forst. f.	Bolla gota, Bohal	Fd, M, N	T
		Heliotropium indicum L.	Hatisur	M	H
20	Bromeliaceae	*Ananas comosus* (L.) Merr.	Anarosh	Fd, M, N	H
21	Burseraceae	*Garuga pinnata* Roxb.	Sada Jiga	Fd, M, T	T
		Lannea coromandelica (Houtt.) Merr.	Jiga	Fd,M,N,T	T
		Protium serratum (Wallich *ex* Colebr.) Engl.	Neul, Neur	Fd, T	T
22	Cactaceae	*Opuntia dillenii* Haw.	Phanimanasa	Fd, N	S
23	Caesalpinaceae	*Senna hirsuta* (L.) Irwin & Barneby		Fd, M	H
		Bauhinia malabarica Roxb.	Chokakola	F, N	T
		Cassia fistula L.	Sonalu, Banor noli	Fd,M,N,T	T
		Delonix regia Rafin.	Krisnachura	N	T
		Peltophorum pterocarpum (DC.) K. Heyne	Halud krisnachura	Fd, N, T	T

SN	Faimly	Scientific Name	Local Name	Use[2]	Habit[3]
		Senna siamea (Lamk.) Irwin & Barneby	Minjiri	Fd, M, T	T
		Tamarindus indica L.	Tentul	Fd, T	T
		Senna tora (L.) Roxb.	Chakunda	M, N	H
		Bauhinia vahlii wight & Arn	Sal lata, Chehul	M, N	C
24	Caricaceae	*Carica papaya* L.	Pape	Fd	H
25	Cleomaceae	*Cleome viscosa* L.		M	H
26	Clusiaceae	*Garcinia cowa* Roxb. *ex* DC.	Cao	Fd, M	T
27	Combretaceae	*Terminalia arjuna* (Roxb. *ex* DC.) Wight & Arn.	Arjun	M, T	T
		Terminalia bellirica (Gaertn.) Roxb.	Bohera	Fd, M, T	T
		Terminalia chebula Retz.	Haritaki	Fd,M,N,T	T
28	Commelinaceae	*Canna indica* L.	Kolaful	M, N	H
		Commelina benghalensis L.	Dholpata, Kanchira	F,Fd	H
		Commelina longifolia Lamk		Nk	H
29	Convolvulaceae	*Evolvulus nummularius* L.		M	H
		Ipomoea alba L.		Nk	C
30	Crassulaceae	*Bryophyllum pinnatum* (Lamk.) Oken	Pathorkutchi, Pathorchura	Fd, M	H
31	Cucurbitaceae	*Coccinea grandis* (L.) Voigt	Telakucha	Fd, N	C
		Cucurbita maxima Duch. *ex* Lamk.	Mistikumra	Fd	C
		Lagenaria siceraria (Molina) Standl.	Lau	Fd, M, N	C
		Luffa acutangula (L.) Roxb.	Jinga	Fd, M	C
		Momordica charantia L. var. *Charantia* C. B. Clarke	Korolla	Fd, M	C
		Momordica cochinchinensis (Lour.) Sprengel	Kakrol	Fd, M	C
32	Cupressaceae	*Thuja orientalis* L.	Tujha	M, N	S
33	Cuscutaceae	*Cuscuta reflexa* Roxb.	Swarnalata	M	Ps
34	Cymodoceaceae	*Costus speciosus* (Koenig *ex* Retz.) Smith	Bonroi, Garu rasun	M	H
35	Cyperaceae	*Courtoisina cyperoides* (Roxb.) Sojak		Nk	H
		Cyperus difformis L.		Fd, N	H
		Cyperus haspan L.		N	H
		Cyperus laxus Lamk.	Arail ghas	Fd	H
		Cyperus paniceus (Rottb.) Boeck.		Nk	H
		Fimbristylis aphylla Steud.		Nk	H
		Fimbristylis dichotoma (L.) Vahl		Nk	H
		Fimbristylis rigidula Nees	Bara Nirbishi	M	H
		Mariscus sieberianus Nees *ex* C.B. Clarke		Nk	H
		Pycreus diaphanus (Schrad. *ex* Roem. & Schult.) S. Hooper & T. Koyama		Nk	H
		Pycreus sanguinolentus (Vahl) Nees *ex* C.B. Clarke		Nk	H
		Pycreus unioloides (R. Br.) Urban		Nk	H
		Schoenoplectus junccoides (Roxb.) Palla		Nk	H
		Schoenoplectus supirus L. Palla		Nk	H
		Scleria levis Retz.	Chalta	Fd, M, T	T
36	Dilleniaceae	*Dillenia indica* L.	Ajuli, Ajugi	Fd, T	T
		Dillenia scabrella Roxb. *ex* Wall.	Dudh alu	Fd	C
37	Dioscoreaceae	*Dioscorea belophylla* (Prain) Voigt *ex* Haines	Dudh alu	Fd	C
		Dioscorea bulbifera L.	Maitta Alu	Fd, M	C
		Dioscorea esculenta (Lour.) Burkill	Bish Alu	M	C
		Dioscorea hispida Dennst.		N	C
		Dioscorea kamoonensis Kunth		Fd, M	C
		Dioscorea pentaphylla L.			

SN	Faimly	Scientific Name	Local Name	Use[2]	Habit[3]
38	Dipterocarpaceae	*Dipterocarpus alatus* Roxb. *ex* G. Don	Baitta garjan	M, T	T
		Dipterocarpus costatus Gaertn.	Sada garjan	F, N, T	T
		Dipterocarpus turbinatus Gaertn.	Telia garjan	N, T	T
		Hopea odorata Roxb.	Telsur	M, N, T	T
		Shorea robusta Roxb. *ex* Gaertn. f.	Sal	T	T
39	Ebenaceae	*Diospyros blancoi* A. DC.	Bilati gab	Fd, T	T
40	Elaeocarpaceae	*Elaeocarpus floribundus* Blume	Jalpai	Fd, N, T	T
41	Euphorbiaceae	*Antidesma acuminatum* Wall. in Wight.	Chokoi	Fd	T
		Antidesma ghaesembilla Gaertn.	Chokoi, Elena	Fd	T
		Antidesma s;	Moisa chokoi	Nk	T
		Aporosa sp.	Kharjon	F, Fd	T
		Bischofia javanica Blume	Kanjal bhadi	M, T	T
		Bridelia tomentosa Bl.	Sitki	M	T
		Croton tiglium L.	Bish khagor, Jamal gota	M, N	T
		Hevea brasiliensis (Willd. *ex* A. Juss.) Muell.-Arg.	Rubber	Fd,M,N,T	T
		Mallotus phili;ensis (Lamk.) Muell.-Arg.	Sinduri	T	T
		Phyllanthus emblica L.	Amloki	Fd, M, N	T
		Ricinus communis L.	Varenda	M	T
		Suregada multiflora (A. Juss.) Baill.	Suregada	T	T
		Acalypha hispida Burm. F.	Bara Hatisur, Lal Hatisur	M	S
		Codiaeum variegatum (L.) A. Juss.	Patabahar	N	S
		Croton caudatus Geiseler		Nk	S
		Ephorbia ligalaria Roxb.	Mansasij	M, N	S
		Euphorbia neriifolia L.	Mansasij	M,N	S
		Jatropha curcas L.	Arenda, Mander	M, N	S
		Manihot esculenta Crantz	Cassava	Fd, M	S
		Pedilanthus tithymaloides Poit.	Belatisiz, Barachita	M,N	S
		Phyllanthus reticulatus Poir.		M	S
		Euphorbia hirta L.	Dara dudhi	M	H
		Phyllanthus niruri L.	Bhuiamla	M	H
		Bridelia stipularis (L.) Bl.	Sitki	Fd, N	C
42	Fabaceae	*Butea monosperma* (Lamk.) Taub.	Polash	N	T
		Derris robusta (Roxb. *ex* DC.) Benth.	Katenga	F, T	T
		Erythrina fusca Lour.	Kanta mander	F, N	T
		Erythrina variegata L.	Mander	F, M, N	T
		Gliricidia sepium (Jacq.) Kunth *ex* Walp.	Gliricidia	M, N	T
		Bauhinia acuminata L.	Sada kanchan	M	S
		Cajanus cajan (L.) Millsp.	Arhor, Sortai alu	Fd, M	S
		Codariocalyx motorius (Houtt.) H. Ohashi	Telegraph plant	M	S
		Dalbergia rimosa Roxb.	Kawagurum, Gojai-lata	Nk	S
		Alysicarpus rugosus (Willd.) DC.		Nk	H
		Crotalaria alata D. Don	Jhun-jhuni	N	H
		Dendrolobium triangulare (Retz.) Merr.		Nk	H
		Desmodium heterocarpon (L.) DC.		Nk	H
		Desmodium styracifolium (Osb.) Merr.		Nk	H
		Desmodium triquetrum (L.) DC.		Nk	H
		Clitoria ternatea L.	Nil Oparajita	M, N	C
		Dalbergia stipulacea Roxb.		M	C
		Dalbergia volubilis Roxb.		Nk	C
		Lablab purpureus (L.) Sweet	Sim	Fd, M, N	C
		Millettia pachycarpa Benth.		N	C
		Spatholobus parviflorus (Roxb. *ex* DC.) O. Kuntz.	Nagainna lou	M, N	C

SN	Faimly	Scientific Name	Local Name	Use[2]	Habit[3]
43	Flacourtiaceae	*Flacourtia jangomas* (Lour.) Raeusch.	Pheyala gola, Painna gola	Fd, M, T	T
44	Heliconiaceae	*Heliconia humilis* Jacq.	Kolaful	N	H
45	Helminthostachyaceae	*Helminthostachys zeylanica* (L.) Hook.	Sada Dhekia	Fd, M, N	F
46	Lamiaceae	*Anisomeles indica* (L.) O. Kuntze	Bon tokma	M	H
		Coleus scutellarioides (L.) Benth.	Pathor chur, Patabahar	M,N	H
		Ocimum americanum L.	Tulshi	M, N	H
		Cinnamomum tamala Nees & Eberm.	Tejpata	M, N	T
47	Lauraceae	*Cryptocarya amygdalina* Nees.	Ojha	Fd, T	T
		Litsea glutinosa (Lour.) Robinson	Kharajora, Menda	M	T
		Litsea monopetala (Roxb.) Pers.	Kharajora	M	T
		Barringtonia acutangula (L.) Gaertn.	Hijal	F, M, N	T
48	Lecythidaceae	*Careya arborea* Roxb.	Gadila, Kumbi	N, T	T
49	Leeaceae	*Leea alata* Edge.		Nk	S
		Leea macrophylla Roxb. *ex* Hornem.		Nk	H
50	Lemnaceae	*Juncus prismatocarpus* R. Br.		Fd	H
51	Liliaceae	*Asparagus racemosus* Willd.	Shatomuli	M	H
		Crinum defixum Ker-Gawl.	Sukhdarshan	N	H
		Curculigo orchioides Gaertn.	Talmuli, Shakti pinda	M	H
		Haemanthus multiflorus Martyn *ex* Willd.	Ball-phul, Agni-golok	N	H
		Pancratium biflorum Roxb.		N	H
		Zephyranthes grandiflora Lindl.	Golapi Ghashphul	N	H
		Lindsaea ensifolia Sw.	Bon Dhekia	Nk	F
52	Lindsaeceae	*Lygodium flexuosum* (L.) Sw.	Lata Dhekia	M, N	F
53	Lygodiaceae	*Lagerstroemia parviflora* Roxb.	Sidha	N, T	T
54	Lythraceae	*Lagerstroemia speciosa* (L.) Pers.	Jarul	N, T	T
		Lawsonia inermis L.	Mahedi, Mendi	M, N	S
		Hibiscus rosa-sinensis L.	Joba	M, N	S
55	Malvaceae	*Abelmoschus esculentus* (L.) Moench	Vendi	M, F*	H
		Urena lobata L.	Ban okra	M, N	H
		Azadirachta indica A. Juss.	Neem	M, N	T
56	Meliaceae	*Chukrasia tabularis* A. Juss.	Chickrassi	M, N, T	T
		Aphanamixis polystachya (Wall.) R.N. Parker.	Ptiraj	Fd, M, T	T
		Melia azedarach L.	Ghoranim, Bokhain	M, T	T
		Swietenia mahagoni Jacq.	Mahagoni	T	T
		Toona ciliata M. Roem.	Toon, Rongi	T	T
		Stephania japonica (Thunb.) Miers	Akandi	M	C
57	Menispermaceae	*Acacia auriculiformis* A. Cunn. *ex* Benth. & Hook	Akashmoni	F, N, T	T
58	Mimosaceae	*Acacia mangium* Willd.	Mangium	F, Fd, T	T
		Albizia chinensis (Osb.) Merr.	Chesra koroi	Fd, N, T	T
		Albizia lebbeck (L.) Benth. & Hook	Kala Koroi	Fd,M,N,T	T
		Albizia procera (Roxb.) Benth.	Shil koroi, Sada koroi	F, M, T	T
		Albizia richardiana (Voigt.) King & Prain	Raj koroi	N, T	T
		Samanea saman (Jacq.) Merr.	Raintree	F,Fd,N,T	T
		Xylia xylocarpa (Roxb.) Taub. var. *kerrii* (Craib & Hutch.) Neilsen	Lohakath	M, N, T	T
		Mimosa diplotricha C. Wright *ex* Sauv.	Sada lajjabati, Bara lajjabati	N	H
		Mimosa pudica L.	Lajjabati	M	H
		Acacia concinna (Willd.) DC.	Teorakanta	M	C
		Acacia pennata (L.) Willd.	Teorakanta	Fd	C
		Entada rheedii Spreng.	Gila lata	M, N	C
		Mollugo pentaphylla L.		Fd	H

SN	Faimly	Scientific Name	Local Name	Use[2]	Habit[3]
59	Molluginaceae	*Artocarpus chama* Hamilton	Chapalish, Chambal	Fd, T	T
60	Moraceae	*Artocarpus heterophyllus* Lamk.	Kanthal	Fd, N, T	T
		Artocarpus lacucha Buch.-Ham.	Borta	Fd, M, T	T
		Ficus benghalensis L.	Bot	Fd, M, N	T
		Ficus hispida L. f.	Dumor, Kodora	Fd, T	T
		Ficus racemosa L.	Jogo dongor, Jagya dumur	Fd, M, N	T
		Ficus religiosa L.	Bot	Fd, M	T
		Ficus rumphii Bl.	Bot	Fd, M	T
		Ficus virens Ait.	Pakur, Pakar, Paikur	Fd	T
		Streblus asper Lour.	Sheora	F, Fd, M	T
		Moringa oleifera Lamk.	Sajna	Fd, M	T
61	Moringaceae	*Musa paradisiaca* L.	Kola	Fd	H
62	Musaceae	*Ardisia colorata* Roxb.	Vet	M	T
63	Myrsinaceae	*Ardisia icara* Wall. & A. DC.	Vet	Nk	S
		Ardisia solanacea (Poir.) Roxb.		N	S
		Cleistocalyx nervosum (DC.) Kosterm.	Ludijam, Dephajam,	M	T
64	Myrtaceae	*Eucalyptus camaldulensis* Dehnh.	Eucalyptus	F, N, T	T
		Eucalyptus citriodora Hook.	Eucalyptus	F, T	T
		Psidium guajava L.	Payara	F,Fd,M,N	T
		Syzygium cumini (L.) Skeels	Kalojam	Fd, T	T
		Syzygium firmum Thw.	Dhakijam	Fd, N	T
		Syzygium fruticosum DC.	Putijam, Titijam	Fd, T	T
		Mirabillis jalapa L.	Sandha maloti	M, N	H
65	Nyctaginaceae	*Nymphaea nouchali* Burm. f.	Padma	M, N	H
66	Nymphaeaceae	*Jasminum sambac* (L.) Aiton	Beli	M, N	S
67	Oleaceae	*Ludwigia hyssopifolia* (G. Don) Exell apud A. & R. Fernandes		Nk	H
68	Onagraceae	*Geodorum densiflorum* (Lamk.) Schltr.		Nk	Es
69	Orchidaceae	*Papilionanthe teres* (Roxb.) Schltr.		N	Es
		Averrhoa carambola L.	Kamranga	Fd, M, N	T
70	Oxalidaceae	*Oxalis corniculata* L.	Amrul, Chuka	M	H
		Peperomia pellucida (L.) H.B. & K.	Luchi pata	M	H
71	Piperaceae	*Piper sylvaticum* Roxb.	Bon Pan	M	C
		Axonopus compressus (Sw.) P. Beauv.	Farak pata	Fd	H
72	Poaceae	*Bambusa balcooa* Roxb.	Borak bansh	N, T	H
		Bambusa bambos (L.) Voss	Kanta bansh	N	H
		Bambusa tulda Roxb.	Tolla bansh	Fd, N	H
		Bambusa vulgaris Schrad. *ex* Wendl.	Jowa bansh	Fd, N	H
		Bothriochloa bladhi (Retz.) S.T. Blake	Gandha Gourana	Fd	H
		Brachiaria distachya (L.) Stapf	Corighas	Fd	H
		Brachiaria kurzii (Hook. f.) A. Camus		Fd	H
		Chrysopogon aciculatus (Retz.) Trin	Prem kanta	Fd, M, N	H
		Cynodon arcuatus J. S. Presl *ex* C.B. Presl		Nk	H
		Cynodon dactylon (L.) Pers.	Durba ghas	Fd, M, N	H
		Digitaria bicornis (Lamk.) Reom. & Schult. *ex* Loud		Fd	H
		Eragrostis ciliaris (L.) R. Br.		Fd	H
		Eriochloa procera (Retz.) C. E. Hubb		Fd	H
		Imperata cylindrica (L.) P. Beauv	Chhan	N	H
		Lophatherum gracile Brongn.		Fd	H
		Melocanna beccifera (Roxb.) Kurz	Muli bansh	N	H

SN	Faimly	Scientific Name	Local Name	Use[2]	Habit[3]
		Oryza sativa L.	Paddy	Fd, N	H
		Panicum brevifolium L.		Nk	H
		Panicum notatum Retz.		Nk	H
		Sorghum bicolor (L.) Moench	Jowar	Fd, M	H
		Sporobolus indicus R. Br.		Nk	H
		Persicaria hydropiper (L.) Spaeh	Bishkatali	M	H
73	Polygonaceae	*Drynaria quercifolia* (L.) J. Sm.	Choto Ponkhiraj	Nk	F
74	Polypodiaceae	*Microsorum punctatum* (L.) Copel.	Gucha Patra	Nk	Es
		Pyrrosia nuda (Gies.) Ching		Nk	Es
		Portulaca grandiflora Hook.	Time flower, Ghassful	N	H
75	Portulacacea	*Grevillea robusta* A. Cunn. *ex* R. Br.	Fern tree	T	T
76	Proteaceae	*Punica granatum* L.	Dalim	Fd, M	S
77	Punicaceae	*Ziziphus mauritiana* Lamk.	Boroi	Fd	T
78	Rhamnaceae	*Ziziphus rugosa* Lamk.	Anoi, Anai gota	Fd, M	T
		Carallia brachiata (Lour.) Merr.	Raskao, Lotkao	Fd	T
		Glochidion multiloculare (Roxb. *ex* Willd.) Muell.-Arg.	Chokoi	F	S
		Ziziphus oenoplia (L.) Mill.	Toktoki kanta, Tokni boroi	Fd	S
		Haldina cordifolia (Roxb.) Ridsdale	Kaika, haldu	T	T
79	Rubiaceae	*Hymenodictyon orixensis* (Roxb.) Mabberlly	Bhutum	N, M	T
		Mitragyna parvifolia (Roxb.) Korth.	Futikadam	Nk	T
		Neolamarckia cadamba (Roxb.) Bosser	Kadom	M, N, T	T
		Tamilnadia uliginosa (Retz.) Tirveng. & Sastre	Pirilagota, Piralo	M	T
		Wendlandia tinctoria (Roxb.) DC.		Nk	T
		Canthium angustifolium Roxb.	Monkanta	Nk	S
		Catunaregam spinosa (Thunb.) Tirveng.	Bishmonkanta, Bishlong	M	S
		Gardenia augusta (L.) Merr.	Gondharaj	M, N	S
		Ixora acuminata Roxb.	Rangon	Nk	S
		Morinda angustifolia Roxb.		N	S
		Mussaenda roxburghii Hook. f.	Muchonda	N	S
		Knoxia sumatrensis (Retz.) DC.		Nk	H
		Spermacoce latifolia Aublet	Gouiojhil Shak	Nk	H
		Ixora chinensis Lamk.		N	C
		Paederia foetida L.	Gondobhaduli	M	C
		Aegle marmelos (L.) Corr.	Bel	Fd, M, T	T
80	Rutaceae	*Citrus maxima* (Burm.) Merr.	Jambura	M, N	T
		Citrus reticulata Blanco	Komla	Fd, M	T
		Limonia acidissima L.	Kodbel, Koethbel	Fd, M, T	T
		Murraya paniculata (L.) Jack	Kamini	M, T	T
		Zanthoxylum rhetsa (Roxb.) DC.	Bajna	M, N, T	T
		Citrus aurantifolia (Cristm. & Panzer) Swingle	Lebu	Fd, M, N	S
		Glycosmis pentaphylla (Retz.) A. DC.	Moudali, Dhoacharpata	M	S
		Lepisanthes rubiginosa (Roxb.) Leenh.	Harinagola	Fd	T
81	Sapindaceae	*Litchi chinensis* Sonn.	Litchi	Fd, M, T	T
		Schleichera oleosa (Lour.) Oken.	Joyna, Kusum	Fd,M,N,T	T
		Madhuca longifolia (Koenig) MacBride	Mahua	M, T	T
82	Sapotaceae	*Manilkara zapota* (L.) P. van Royen	Sofeda	Fd, M	T
		Mimusops elengi L.	Bakul	M, N, T	T
		Lindernia antipoda (L.) Alston.		M	H
83	Scrophulariace ae	*Scoparia dulcis* L.	Bondhonia	M	H
		Doryopteris ludens (Wall. *ex* Hook) J. Sm.	Pancha patra	N	F

SN	Faimly	Scientific Name	Local Name	Use[2]	Habit[3]
84	Sinopteridaceae	*Cheilanthes belangeri* (Bory) C. Chr.	Sada Dhekia	Nk	F
		Smilax glabra Wall. *ex* Roxb.		M	C
85	Smilacaceae	*Smilax perfoliata* Lour.	Kumari lata	Fd, M	C
		Datura metel L.	Datura	M	S
86	Solanaceae	*Solanum melongena* L.	Begun	Fd, M	S
		Solanum sisymbrifolium Lamk.	Kanta begun	Nk	S
		Solanum torvum Swartz.	Tit begun, bot begun	M	S
		Solanum violaceum Ortega	Kanta begun	Fd	S
		Capsicum annuum L.	Morich	Fd, M	H
		Lycopersicon esculentum Mill.	Tomato	Fd	H
		Physalis minima L.	Futka	M	H
		Solanum americanum Mill.	Tit-Begun	Fd, M	H
		Abroma augustum (L.) L. f.	Ulotkombol	M	T
87	Sterculiaceae	*Abroma augustum* (L.) L. f.	Ulotkombol	M	T
		Pterospermum acerifolium (L.) Willd.	Moos	M	T
		Sterculia villosa Roxb. *ex* Smith	Udal	M, N	T
		Christella arida (D.Don) Holtt.	Bish Dhekia	Fd	F
88	Thelypteridace ae	*Macrothelypteris torresiana* (Guard.) Ching.	Sonali Dhekia	N	F
		Aquilaria agallocha Roxb.	Agar	N	T
89	Thymeliaceae	*Grewia asiatica* L.	Kapaia	Fd, N	T
90	Tiliaceae	*Grewia nervosa* (Lour.) Panigr.	Datoi	F, Fd	T
		Grewia serrulata DC.	Khulla damor	Fd, N	T
		Corchorus capsularis L.	Pat shakh	Fd, N	H
		Trema orientalis (L.) Blume	Jigni	F, Fd, N	T
91	Ulmaceae	*Laportea interrupta* (L.) Chew	Chotra pata	M	H
92	Urticaceae	*Pouzolzia zeylanica* (L.) Benn.	Kullaruki	M	H
		Callicarpa arborea Roxb.	Bormala	F, Fd, M	T
93	Verbenaceae	*Gmelina arborea* Roxb.	Gamar, Jogi	M, T	T
		Nyctanthes arbor-tristis L.	Sheuli	M, N	T
		*Tectona grandis*L. f.	Shegun	M, T	T
		Vitex glabrata R. Br.	Hakuni gach, Baskura	Fd, M, T	T
		Vitex peduncularis Wallich. *ex* Schauer	Hakuni gach, Goda Arsol, Bankura	Fd, M, T	T
		Clerodendrum viscosum Vent.	Bhant	M	S
		Duranta repens L.	Kanta mehendi	M, N	S
		Premna esculenta Roxb.	Lalana	Fd, M	S
		Ampelocissus barbata (Wallich) Planch.		Fd, M	C
94	Vitaceae	*Ampelocissus latifolia* (Roxb.) Planch.		Fd, M	C
		Cissus adnata Roxb.	Panya lota	M	C
		Cissus elongata Roxb.		Fd	C
		Tetrastigma bracteolatum (Wall.) Planch.	Golgoli lata	Fd, M	C
		Curcuma longa L.	Halud	Fd, M	H
95	Zingiberaceae	*Curcuma zedoaria* (Christm.) Rosc.	Shoti, Hoit	M	H
		Zingiber officinale Roscoe	Ada	Fd, M	H
		Zingiber roseum (Roxb.) Rosc.	Jongli Ada, Bon ada	M	H
		Zingiber zerumbet (L.) Smith	Jongli Ada, Bon ada	M	H

Bangladesh Agriculture, 7 (1) January, 2017: 47-67

পাতার মাধ্যমে খাদ্য প্রদান সংক্রান্ত ধান চাষের ম্যাজিক গ্রোথ প্রযুক্তি এবং ইউরিয়া সাশ্রয়ী স্প্রে প্রযুক্তি

কৃষিবিদ মোঃ আরিফ হোসেন খান*

গাছকে পাতার মাধ্যমে খাদ্য প্রদান (Foliar Feeding) সংক্রান্ত বিষয়ে চাকুরীর সূচনালগ্ন থেকেই (১৯৯০) সৌখিনভাবে একটি গবেষণা করছি। এই গবেষণার মাধ্যমে আমি জানতে পেরেছি যে, দেশের যে কোন ফসল চাষে পাতার মাধ্যমে নাইট্রোজেন প্রদানের এই কৌশলটি ব্যবহার করলে মাঠপর্যায়ে দেশের ইউরিয়া সারের ব্যবহার শতকরা প্রায় ৩০ ভাগ কমিয়েও ভালোভাবে ফসল চাষ করা সম্ভব হতে পারে এবং এই প্রযুক্তির বিষয়টি যদি আমরা চাষিদেরকে জানিয়ে দিতে পারি তা হলে দেশে ইউরিয়া সারের ব্যবস্থাপনার চিত্রটিই পাল্টে যেতে পারে কারণ পরিসংখ্যান মতে এক বিঘা জমিতে যদি গড়ে ১ কেজি ইউরিয়া সারের ব্যবহার কমানো যায় তবে তা সামগ্রীকভাবে দেশে প্রায় ৯০ লক্ষ মেট্রিক টন ইউরিয়া সারের ব্যবহার কমিয়ে দিতে পারে। এরমাধ্যমে জলবায়ু পরিবর্তনজনিত কৃষির অনেক চ্যালেঞ্জ মোকাবেলাতে কৃষক একটি সহায়ক প্রযুক্তির সন্ধান পেতে পারে। এছাড়া সংকটকালীন সময়ে (সাময়িক খরা, জলাবদ্ধতা, মাটির অম্লত্ব/খারত্ব/লবণাক্ততাজনিত সমস্যা বা কৃত্রিম সার সংকট) চাষিরা তাদের ফসলে কার্যকর ভাবে নাইট্রোজেনের যোগান দিয়ে ফসলের ফলন বিপর্যয়ের হাত থেকে কিছুটা হলেও রক্ষা পেতে পারেন। আমার উপস্থাপিত বিষয়টি বর্তমান সময়ে দেশের কৃষি সেক্টরে ব্যাপক বিতর্কীত বিষয় হিসাবে আলোচিত হচ্ছে। এর মূল কারণ হলো গাছকে পাতার মাধ্যমে খাদ্য প্রদানের বিজ্ঞান বিষয়ে আমাদের কৃষি বিশ্ববিদ্যালয়সমূহে অনার্স ও মাষ্টার্স পর্যায়ে পূর্বেও যেমন বিস্তারিত কোন ধারণা প্রদান করা হয় নাই। বর্তমান সময়েও বিষয়টিকে সিলেবাসভূক্ত করে তেমন ভাবে কোন ধারণা প্রদান করা হচ্ছে না। পাতার মাধ্যমে খাদ্য প্রদানের বিষয়ে যেখানে সারা বিশ্ব তাদের ফসল উৎপাদনের ক্ষেত্রে একটি বৈপ্লবিক পরিবর্তন সূচিত করে ফেলেছে সেখানে আমরা বিতর্ক করছি কিভাবে পুষ্টি উপাদান পাতার মধ্যে ঢোকে সে বিষয়টি নিয়ে। আমি আমার এ লেখার মাধ্যমে মূলত পাতার মাধ্যমে ধান গাছে নাইট্রোজেন বা ইউরিয়া সারের প্রয়োগের বিষয়েই সীমাবদ্ধ থাকব যদিও সকল পুষ্টি উপাদানই কার্যকরভাবে পাতার মাধ্যমে প্রদান করা সম্ভব।

পটভূমিঃ যতদুর জানা যায়, কৃষি ফসল উৎপাদনে এদেশে সর্বপ্রথম রাসায়নিক সারের প্রচলন শুরু হয় ৫০ এর দশকের মাঝামাঝি সময় থেকে। প্রথমে মূলত ইউরিয়া এরপর টিএসপি এবং পটাশের মাধ্যমেই এই কার্যক্রম শুরু হয়েছিল। সে সময়ের চাষিরা তাদের জমিতে রাসায়নিক সার ব্যবহার করে ফসল উৎপাদনকে ধর্মীয় দৃষ্টিকোন থেকে সঠিক নয় বলে মনে করতেন। অনেক চাষি বলতেন "খোদার উপরে খোদগারী করা যাবে না"। এমন সময়ে চাষিরা মাটিতে জৈব সার প্রযোগের মাধ্যমে মূলত দেশীয় জাতের ফসল চাষ করত। রাসায়নিক সার ব্যবহারের সূচনালগ্নে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং পরবর্তীতে বিএডিসির মাঠ পর্যায়ের অনেক কর্মকর্তাকে তাদের সার বিক্রয়ের লক্ষ্যমাত্রা অর্জন করার জন্য রাত দিন পরিশ্রম করতে হয়েছে। অনেক সময় রাতের অন্ধকারে তাঁরা চাষিদের জমিতে ইউরিয়া সার দিয়েছেন এজন্য যেন চাষিরা সারের কার্যকারিতার বিষয়ে অবহিত হতে পারে। আবার অনেক সময় মাঠ পর্যায়ের অনেক কর্মকর্তাকে তাদের চাকুরী রক্ষার জন্য বেতনের টাকা জমা দিয়ে সারের বিক্রয় দেখাতে হয়েছে। এভাবে চাষিদের মাঝে রাসায়নিক সারের প্রচলন শুরু হয় এবং তারা ইউরিয়া সার ব্যবহার শুরু করে। কিন্তু জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে মানুষের খাদ্যের চাহিদা যেমন বৃদ্ধি পেয়েছে তেমনি চাষিরাও তাদের জমিতে রাসায়নিক সারের ব্যবহারের মাত্রাও বৃদ্ধি করেছে। ভালোভাবে ফসল উৎপাদনের জন্য এখন শুধু ইউরিয়া, টিএসপি এবং পটাশ নয় ছাড়াও সালফার, রোরণ, জিঙ্ক, ম্যাগনেশিয়ার জাতীয় সারও ব্যবহার করতে হচ্ছে। এছাড়া অম্লত্ব কমানোর জন্য ডলোচুন ব্যবহার করতে হচ্ছে।

* সার ব্যবস্থাপনা বিভাগ, বিএডিসি, রাজশাহী অঞ্চল, রাজশাহী। মোবাইল- ০১৭১২-০৪০২৪৪

একটা সময়ে ইউরিয়া সারের জন্য এদেশে চাষিরা গুলিতে প্রাণ দিয়েছে যা আমরা সকলেই জানি। অধিক মানুষের খাদ্যের যোগান নিশ্চিত করতে গিয়ে আমাদের জমির অবস্থা আজ এমন স্থানে এসেছে যে এখন রাসায়নিক সার না দিয়ে ফসল আবাদের কথা চিন্তাই করা যায় না। ১/১১ এর পরে ২০০৮ সালে সারের ব্যবস্থাপনাজনিত জটিলতার কারণে ইউরিয়া সারের তীব্র সংকটকালীন সময়ে টাঙ্গাইলের চাষি জনাব মোঃ আব্দুল আজিজ তার আমন ধান ক্ষেতে বিঘা প্রতি ২/৩ কেজি ইউরিয়া সার স্প্রের মাধ্যমে ব্যবহার করে ধান চাষে সফল হন বলে দাবী করেন। বিষয়টি চ্যানেল আইতে প্রচারের সাথে সাথে এ বিষয়ে দেশের ধান বিজ্ঞানী, কৃষিবিদ এবং নীতিনির্ধারক পর্যায়ে ব্যাপক সমালোচনা এবং বিতর্ক সৃষ্টি করে। এসময় বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের কিছু বিজ্ঞানী এর পক্ষে (ধান গাছের পাতার মাধ্যমে ইউরিয়া গ্রহণ) বলে বিতর্কীত হন এবং অধিকাংশ বিজ্ঞানী এর তীব্র বিরোধিতা করেন। অনেক প্রথিতযশা বিজ্ঞানী এমন বলেন যে ধান গাছের পাতার যে গঠন তাতে করে ধান গাছ পাতার মাধ্যমে ইউরিয়া সার গ্রহণ করতে পারবে না। এই বিরোধ দীর্ঘ দিন ধরে চলেছে এবং মাঠ পর্যায়ে এখনও রয়েছে। চাষি আব্দুল আজিজের উপস্থাপিত বিষয়টি অতিরঞ্জিত ছিল তবে এর মধ্যে দেশের বিজ্ঞানী সমাজের জন্য গুরুত্বপূর্ণ একটি বার্তা ছিল বলে মনেকরি।

আমি ২০১০ সালের ২৩ মে তারিখে ব্রিতে গমন করে উদ্ভাবিত মিশ্র তরল সার ম্যাজিক গ্রোথের সাথে ইউরিয়া এবং পটাশ সারের মিশ্রণ প্রয়োগ **(ম্যাজিক গ্রোথ প্রযুক্তি)** করে ধান চাষে মাঠ পর্যায়ের ইউরিয়া সারের ব্যবহার কমিয়ে (৩০-৪০%) ধান চাষের সফলতার বিষয়টি প্রথম উপস্থাপন করি এবং বিষয়টি পরীক্ষা করে দেখার জন্য অনুরোধ জানাই। পরবর্তীতে আমার উদ্ভাবনের বিষয়ে কৃষি মন্ত্রণালয় এবং মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরের গভর্ণেন্স ইনোভেশন ইউনিট, এটুআই প্রকল্প এবং মাননীয় মূখ্য সচিব মহোদয় হস্তক্ষেপ করেন। দেশের বিজ্ঞানী সমাজ একবাক্যে স্বীকার করছেন যে স্প্রে প্রযুক্তির মাধ্যমে ধান চাষের এমন সাফল্য (৩০-৪০% ইউরিয়া সাশ্রয় ও ফলন বৃদ্ধি) আন্তর্জাতিক পরিসরে নেই। কিন্তু উদ্ভাবনের বিষয়টি আন্তরিকভাবে পরীক্ষা করে দেখার বিষয়ে কোন প্রচেষ্টাই সফল হয়নি ।

আমার উদ্ভাবনের বিষয়টি বিস্তারিতভাবে উপস্থাপনের পূর্বে ম্যাজিক গ্রোথ কি, ম্যাজিক গ্রোথ প্রযুক্তি কি এবং ধান চাষের ইউরিয়া সাশ্রয়ী স্প্রে প্রযুক্তিটি কি তা উপস্থাপন করা জরুরী বলে মনে করি। তা নাহলে বিষয়টি বোঝার ক্ষেত্রে কিছুটা অসুবিধার সৃষ্টি হতে পারে।

ক) ম্যাজিক গ্রোথ কিঃ- ম্যাজিক গ্রোথ হলো ১৩টি অত্যাবশ্যকীয় খনিজ উদ্ভিদ খাদ্য উপাদান (N, P, K, Ca, Mg, S, Cu, Fe. B, Zn, Mn, Mo, Cl) এবং কিছু বেনিফিসিয়াারী উপাদানে সমৃদ্ধ বাংলাদেশে প্রথম উদ্ভাবিত একটি মিশ্র তরল সার যা দীর্ঘ ১৬ বছর গবেষণার মাধ্যমে উদ্ভাবন করতে সক্ষম হয়েছি, ইনশাআল্লাহ। বিষয়টি আমি রাষ্ট্রকে অবহিত করেছি যে, এখন এমন মিশ্র তরল সার আর বিদেশ থেকে আমদানী করতে হবে না। আমরা আমাদের দেশে বিদেশের চেয়ে ভালো মানের মিশ্র তরল সার তৈরী করতে পারব। (দেশে মিশ্র তরল সার বিদেশ থেকে ১৯৯৭ সাল থেকে আমদানী করা হতো। কিন্তু ২০১৩ সালে এসে দেশে সম্মানিত গবেষকদের পরামর্শে তা বন্ধ করা হয়েছে)। **দেশে প্রথম মিশ্র তরল সার উদ্ভাবন বিষয়েও আমি স্বীকৃতি প্রত্যাশা করেছি। সাম্প্রতিক সময়ে কানাডা প্রবাসী একজন কৃষিবিদ ও মৃত্তিকা বিজ্ঞানী যিনি ফোলিয়ার ফিডিং বিষয়ের গবেষক এবং একটি খামারে কর্মরত জনাব খালেদ নাসিমুল বারী নোভেলকে আমার ম্যাজিক গ্রোথ নিয়ে গবেষণা করার প্রস্তাব দিলে তিনি ম্যাজিক গ্রোথের রাসায়নিক বিশ্লেষণ দেখে মন্তব্য করেছেন যে** "-----I wish I could use your product.. But due to regulation I can't. It's a good product in world standard.we are using the same analysis product". **তিনি আমার গবেষণা বিষয়ে মন্তব্য করেছেন** " -------The success of Mr. Arif's trial with seed primer trial has good scientific basis.------ As population is increasing , we have to also increase our food production from the same

amount of land. It's the time to think how we can increase food production by a small tweaking or approaches. We have dynamic and talented Agriculturist, we could do better in future. Finally I would like to thank Arif Khan for his eye opening approaches and his dedication to do something out of box." আমার গবেষণা সংক্রান্ত বিষয়ে তিনি একটি লিখা বাংলাদেশ কৃষিবিদ ইনস্টিটিউশন পেজে প্রদান করেছেন বলে জানিয়েছেন। উপরের লেখাটি শেষটুকু তার অংশ বিশেষ। ম্যাজিক গ্রোথ যে একটি অতিমাত্রায় কার্যকর তরল সার তা দেশে আমদানীকৃত ৬টি তরল সারের (ভক্সাল সুপার, ওকজিম ক্রপ প্লাস, জিঙ্ক সালফেট, নিউগল, এস্টাসাফ এবং লিকুইড গোল্ড) রাসায়নিক বিশ্লেষণের সাথে তুলনা করলে সহজেই তা বোঝা যাবে। আর মাঠের ফলাফলতো রয়েছেই।

খ) ম্যাজিক গ্রোথ প্রযুক্তি কিঃ- উদ্ভাবিত মিশ্র তরল সার ম্যাজিক গ্রোথ বিভিন্ন ফসলে বিভিন্নভাবে ব্যবহার করে কাংখিত ফলাফল নিয়ে আসা হচ্ছে। যেমন শীতকালে পানের পাতা ঝরা রোধের ক্ষেত্রে প্রতি লিটার পানিতে মাত্র ২ মিলি হিসাবে ব্যবহার করা হয়। আবার ইউরিয়া সাশ্রয় করে ধান চাষের ক্ষেত্রে প্রতি লিটার পানিতে ২ থেকে ৩ মিলি ম্যাজিক গ্রোথ এবং মৌসুম, জাত এবং মাটির প্রকৃতি অনুয়ায়ী প্রতি লিটার পানিতে ২০ গ্রাম থেকে ৪৫ গ্রাম পর্যন্ত ইউরিয়া এবং এর সাথে সকল ক্ষেত্রই ১% হারে পটাশ দ্রবণ (প্রতিলিটারে ১০.০ গ্রাম এমওপি) মিশিয়ে স্প্রের মাধ্যমে ব্যবহার করা হয়। ম্যাজিক গ্রোথ প্রযুক্তির মাধ্যমে অতিরিক্ত পরিপূরক খাদ্য হিসাবে ব্যবহারের মাধ্যমে বিভিন্ন ফসলের উৎপাদন যেমন অনেক বৃদ্ধি করা সম্ভব তেমন কৌশলগত ব্যবহারের মাধ্যমে উল্লেখযোগ্য পরিমানে মাটিতে ইউরিয়ার ব্যবহার কমিয়েও বেশী ফসল ফলানো সম্ভব হচ্ছে। এছাড়া তীব্রশীত, সাময়িক খরা বা জলাবদ্ধতা, কৃত্রিম সার সংকট, মাটির অম্লত্ব/ক্ষারত্ব বা লবণাক্ততাজনিত সমস্যার সময় কৌশলগতভাবে প্রয়োগের মাধ্যমে বেশ ভালোভাবে ফসল ফলানো সম্ভব হচ্ছে। বিষয়গুলি আমি মাঠ পর্যায়ের পরীক্ষাতে প্রমাণ পেয়েছি। **সামগ্রীকভাবে বলা যায়, মিশ্র তরল সার ম্যাজিক গ্রোথ কৌশলগতভাবে পাতায় প্রয়োগের মাধ্যমে ফসল ফলানোর এই বিষয়টিকেই আমি ম্যাজিক গ্রোথ প্রযুক্তি হিসাবে আখ্যায়িত করেছি।**

২০১২ সালের ৭ ফেব্রুয়ারী কৃষি মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়েজিত সেমিনারে মাননীয় কৃষি সচিব মহোদয়ের সিদ্ধান্ত মোতাবেক (**"গ. জনাব মোঃ আরিফ হোসেন খান এর বর্তমানে স্ব উদ্যোগে নেওয়া মাঠ পর্যায়ে প্রদর্শনী প্লটে কৃষক সুফল পাচ্ছে কিনা তা নিবিড় ভাবে মহাপরিচালক DAE তার সম্প্রসারণ কর্মীদের মাধ্যমে পর্যবেক্ষণ করবেন।"**) মাঠ পর্যায়ে ডিএইর মাধ্যমে (স্বপ্রণোদিতভাবে বিএডিসির মাধ্যমে) সম্পাদিত পরীক্ষার কিছু ফলাফল।

ক্রঃ নং	কৃষি অঞ্চল /জেলা	মোট পরীক্ষা সংখ্যা	হেক্টর প্রতি ইউরিয়া সাশ্রয় (কেজি)	হেক্টর প্রতি ধানের ফলন বৃদ্ধি (কেজি)	মন্তব্য
১	দেশের বিভিন্ন জেলা, অঞ্চল ও বিএডিসির খামার।	১২৩ টি পরীক্ষা	৮৯.৭৫ কেজি (গড়হ্রাস)	৪৬৩.৮০ কেজি (গড় বৃদ্ধি)	
২	মানিকগঞ্জ জেলা	২২	২৯-৪০ %	৫-১০%	রিপোর্টে শতকরা হার উল্লেখ করা হয়েছে।

গত ২০১৩-১৪ বোরো মৌসুমে পুনরায় ধান চাষে ম্যাজিক গ্রোথ প্রযুক্তিটি পরীক্ষা করা হয়েছে। ডিএই এবং বিএডিসির বিভিন্ন খামার পরীক্ষার প্রাপ্ত কিছু ফলাফল উপস্থাপন করা হলো। **গভর্নেন্স ইনোভেশন ইউনিটের দ্বিতীয় পত্রের পরে এই পরীক্ষাগুলি করা হয়েছিল।**

সংস্থা	মোট পরীক্ষা সংখ্যা	হেক্টর প্রতি ইউরিয়া সাশ্রয় (কেজি)	হেক্টর প্রতি ধানের ফলন বৃদ্ধি (কেজি)	মন্তব্য
দেশের বিভিন্ন জেলায় ডিএই এর পরীক্ষা।	৮৯ টি	৮৭.৩৬	৪২৯.০৯	
বিএডিসির খামার	৮টি	৯০.২৬	৪১৭.১০	বীজ উৎপাদনে হেক্টর প্রতি গড়ে ১১,৪৭৫.৮৭ টাকা লাভ।

মাঠ পর্যায়ের এসকল পরীক্ষার যাবতীয় ফলাফল ডিএই'র পরিচালক সরেজমিন এবং বিএডিসি'র খামার বিভাগে সংরক্ষিত রয়েছে। এছাড়া কৃষি মন্ত্রণালয়ের মাননীয় সচিব মহোদয় এবং সম্প্রসারণ অধিশাখা-৩ বরাবরেও প্রেরণ করা হয়েছে।

গ) ধান চাষের ইউরিয়া সাশ্রয়ী স্প্রে প্রযুক্তিঃ- ২০১৩ সালে যখন সার ব্যবস্থাপনা আইন-২০০৬ এর কথা উল্লেখ করে দেশে তরল সার উৎপাদন করা যাবেনা এবং ভেজালের আশংকাতে যখন বিদেশ থেকে তরল সার আমদানী করা যাবেনা বলে সিদ্ধান্ত গৃহীত হয়। ১৯৯৭ সাল থেকে ২০১৩ সাল পর্যন্ত দেশে মিশ্র তরল সারের ব্যবহার চালু থাকার পওে তা বন্ধ করে দেওয়া হয়। এসময় আমি আমার এ গবেষণাটিকে এগিয়ে নেবার জন্য মিশ্র তরল সার ম্যাজিক গ্রোথ বাদ দিয়ে ইউরিয়া এবং পাটাশের মাত্রা বৃদ্ধি করে সাথে কিছু সালফার বোরণ এবং দস্তা ব্যবহার করে ধান/ বিভিন্ন ফসল উৎপাদনের সহজ এবং লাগসই প্রযুক্তি উদ্ভাবন করি। মাঠপর্যায়ে এই প্রযুক্তি ব্যবহার করে ৩০-৩৫% ইউরিয়া সাশ্রয় করেও ১০% পর্যন্ত ম ধানের ফলন বেশী করা সম্ভব হচ্ছে। **এ বিষয়ে দৈনিক প্রথম আলো পত্রিকায় একাধিক রিপোর্ট প্রকাশিত হয়েছে (৭/১২/১৩, ৫ নং পাত, ১৩/১২/১৩,২৫ নং পাতা এবং ১৭/২/১৫, ৮ নং পাতা)। এ উদ্ভাবনটি চাষি পর্যায়ে ব্যাপক সারা ফেলেছে। কারণ এ প্রযুক্তি ব্যবহারে কোন জটিলতা নাই এবং এটি একটি মেথেডোলজি মাত্র।** কিন্তু দেশের সম্মানিত বিজ্ঞানীসমাজ বিষয়টিকে সেভাবে আমলে নিচ্ছেন না। **বিগত ২ বছরে (২০১৩ -১৫) দেশের বিভিন্ন জেলাতে প্রায় ৬২০০ বিঘা জমিতে ২৭৫ জন চাষি এবং কর্মকর্তার সম্পৃক্ততায় পরীক্ষাটি করেছি। ধান চাষে পাতার মাধ্যমে যে কার্যকর ভাবে ইউরিয়া প্রদান করা সম্ভব এ বিষয়ে সকলেই একমত পোষণ করেন। তবে আমি সঙ্গত একটি কারণে এই প্রযুক্তির ব্যবহার বিধিটি (মেথোডোলজি) কোন চাষিকে এখন আর বলি না।**

গত জুলাই ২০১৫ সালে ধান চাষের ইউরিয়া সাশ্রয়ী স্প্রে প্রযুক্তির বিষয়ে ফেসবুকে একটি স্ট্যাটাস দিলে বিষয়টির প্রতি মাননীয় মূখ্য সচিব জনাব মোঃ আবুল কালাম আজাদ মহোদয়ের দৃষ্টি আকৃষ্ট হয়। কৃষি মন্ত্রণালয় থেকে এবিষয়ে জানতে চাওয়া হলে ব্রি কর্তৃপক্ষ ফেসবুকে একটি সট্যাটাস প্রদান করেন এবং ব্রি'র ওয়েব সাইটেও তা প্রদান করেন। ব্রি'র ফেসবুক স্ট্যাটাসটি প্রথমে উপস্থাপন করলাম।

ইউরিয়া স্প্রে বিষয়ে ব্রি বিজ্ঞানীদের মতামত এখানে তুলে দেয়া হলো। গবেষণার কোনো শেষ নেই। ব্রির বিজ্ঞানীরা এখনও এ বিষয়ে কাজ করছে। জনাব আরিফের এ সংক্রান্ত তৎপরতা ব্রি অবগত।

গবেষণা দুই ধরনের উপাত্ত জেনারশন করে। একটি হলো: Useful information আরেকটি লাগসই প্রযুক্তি। ব্রির অভিজ্ঞ বিজ্ঞানীরা ধীরেসুস্থে পুন:পুন: গবেষণার মাধ্যমে প্রযুক্তি উদ্ভাবনের চেষ্টা করে। এ লক্ষে যেকোনো প্রতিষ্ঠান বা যোগ্য ব্যাক্তি তার ভূমিকা রাখতে পারে। তবে মনে রাখার বিষয় হলো তা যেন অবশ্যই মাঠ পর্যায়ে প্রায়োগিক এবং টেকসই হয়।

ইউরিয়া স্প্রে করে ধান চাষঃ বাস্তবতা ও প্রতিকূলতা

সাম্প্রতিককালে "ধান চাষে ইউরিয়া সাশ্রয়ী স্প্রে প্রযুক্তি" শিরোনামে ফেসবুকে একাধিক লেখা ও মন্তব্য ব্রি'র নজরে এসেছে। এতে বলা হয়েছে যে, শতকরা ৩৫ ভাগ ইউরিয়া কম ব্যবহার করেও ধানের উৎপাদন শতকরা ১০ ভাগ বৃদ্ধি করা সম্ভব। এ বিষয়ে ব্রি'র মতামত নিম্নে উলে- খ করা হলোঃ

১। বিগত ১৯৭৪-৭৫ সনে ব্রি-তে প্রথম ইউরিয়া স্প্রে নিয়ে গবেষণা শুরু করা হয়। এ গবেষণায় দেখা যায় বোরো মৌসুমে বিআর৩ জাতে হেক্টর প্রতি ৩০ কেজি নাইট্রোজেন শেষ চাষে এবং ৩০ কেজি স্প্রে আকারে ব্যবহার করে ধান ফলানো সম্ভব। তবে হেক্টর প্রতি ৪০ কেজি নাইট্রোজেন মাটিতে প্রয়োগ এবং ৪০ কেজি স্প্রে করলে পাতা পুড়ে যায়। সুতরাং স্প্রে করে ইউরিয়া প্রয়োগ সুপারিশ করা হয়নি (BRRI Annual Report, ১৯৭৪-৭৫)।

২। পরবর্তীতে ১৯৭৭ সনে তরল ইউরিয়া ব্যান্ড পে- সমেন্ট করে ধান ফলানোর প্রচেষ্টা নেয়া হয়। তবে তিনবার উপরি প্রয়োগের মত ভাল ফলন পাওয়া যায়নি (BRRI Annual Report, ১৯৭৭)।

৩। ১৯৭৮ সালে ব্রি বিজ্ঞানী ড. নিলুফার হাই করিম আমেরিকার ফ্লোরিডা বিশ্ববিদ্যালয়ে তাঁর পিএইচডি গবেষণায় দেখিয়েছেন যে পাতায় বা মাটিতে ইউরিয়া দিলে ইউরিয়েজ এনজাইমের মাধ্যমে এর কার্যকারিতা বৃদ্ধি পায় এবং ইউরিয়া সার NH4/NO3 আকারে রূপান্তরের মাধ্যমে গাছ গ্রহণ করে। কাজেই ধান গাছ পাতার মাধ্যমে ইউরিয়া সার গ্রহণ করতে পারে তা অনেক আগেই ব্রি'র বিজ্ঞানীদের মাধ্যমে জানা গেছে, এটা নতুন কোন তথ্য নয়। (N H Karim, 1978. Photosynthesis and growth of rice as influenced by potassium nitrate and urea fertilization, Univ. of Florida, USA)

৪। এরপর ১৯৯৭ সনে বরিশালের জোয়ারভাটা অঞ্চলে তিন বার শতকরা ১.৫ ভাগ ইউরিয়া দ্রবণ স্প্রে করা হয়। এতে হেক্টর প্রতি আধা টন ফলন কমে যায় (BRRI Annual Internal Review, 1998)।

৫। বিগত ২০০৯ হতে ২০১২ পর্যন্ত ব্রি'তে ধারাবাহিকভাবে আমন (ব্রি ধান ৪৯) ও বোরো মৌসুমে (ব্রি ধান ২৯ ও ব্রি ধান ৪৫) ইউরিয়া স্প্রে নিয়ে বিস্তারিতভাবে গবেষণা কার্যক্রম চালানো হয়। দুইবার উপরি প্রয়োগ করার পর ৩.৫% হারে ইউরিয়া স্প্রে করে আদর্শ ব্যবস্থাপনার প্রায় সমান ফলন পাওয়া সম্ভব, সেক্ষেত্রে আমন মৌসুমে শতকরা ৪ ভাগ এবং বোরো মৌসুমে ১৭ ভাগ ইউরিয়া সাশ্রয় হয়। এ বিষয়ক প্রকাশনায় লেখকবৃন্দ গবেষণা ফলাফল পুনঃ পরীক্ষার সুপারিশ করেছেন (MIM Akhand et. al. 2013. Eco-friendly Agril.J.6(09)। টেকসই মাটির উর্বরতা, প্রয়োগ পদ্ধতি, সঠিক সময় নির্ধারণ এবং দ্রবণের ঘনত্ব সঠিকভাবে নির্ণয় করা মাঠ পর্যায়ে সহজ নয় বিধায় ব্রি হতে পাতায় ইউরিয়া সার স্প্রে করার সুপারিশ করা হয়নি (BRRI Annual Internal Review, 2010-2012)। তবে গবেষণাটি চলমান।

৬। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় বিগত ২০০৮ সনে ইউরিয়া স্প্রে নিয়ে একটি গবেষণা পরিচালনা করেন। ব্রি ধান২৯ এ মাটিতে দুইবার উপরি প্রয়োগ এবং ১-৩% ইউরিয়া দ্রবণ পাতায় স্প্রে করে হেক্টর প্রতি ৪.৭৭-৫.১৮ টন ফলন পান। পক্ষান্তরে মাটিতে তিনবার উপরি প্রয়োগ করে ফলন পান ৫.৩৪ টন/হেঃ। প্রান্তিক আয়-ব্যয়ের হিসাবে ইউরিয়া স্প্রে'র প্রযুক্তি খরচ প্রায় দ্বিগুণেরও বেশি। ফলে এ গবেষকগণ তাদের ফলাফল পুনঃপরীক্ষার জন্য সুপারিশ করেন (Alam et al. 2010; J. Bangladesh Agril. Univ. 8(2):199-202)

৭। শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়েও এ বিষয়ে গবেষণা পরিচালিত হয় ২০০৮-০৯ সনে। তারা দুইবার দ্রবণের ঘনত্ব ০.৫% এবং ১.০% হারে ইউরিয়া স্প্রে করে (যথাক্রমে ২০ এবং ৪০ কেজি ইউরিয়া/হেঃ হারে) যে ফলন পান তা মাটিতে প্রয়োগের (ব্রি অনুমোদিত) চেয়ে হেক্টর প্রতি প্রায় দুই টন কম (Hasanuzzaman, et al., 2009; Intl. J. Sustain Agric, 1(1): 01-05)।

৮। আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউটে ধান উৎপাদনে ইউরিয়া স্প্রে'র গবেষণা ফলাফলের উপরে De Datta (1978) এর মন্তব্য "Foliar application of urea in split doses did not give favorable results over conventional methods of application". তিনি আরও উল্লেখ করেন 'All-India Coordinated Rice Improvement Project' এর আওতায় ইউরিয়া স্প্রে'র উপরে অনেক গবেষণা হয়েছে যার ফলাফলে মাটিতে ইউরিয়া প্রয়োগ স্প্রে করার চেয়ে ভাল ফল দিয়েছে (De Datta1981)

৯। আন্তর্জাতিক পরিমন্ডলে ধান চাষে ইউরিয়া সারের ব্যবহার নিয়ে প্রচুর কাজ হয়েছে এবং এখনো হচ্ছে। উদাহরণ স্বরূপ- Central Rice Research Institute (CRRI), India এর সুপারিশ হল ধান চাষে তিনবার মাটিতে ইউরিয়া উপরি প্রয়োগ করতে হবে (http://www.crri.nic.in/Research/Divisions/Agronomy.htm)।

১০। ইরি (IRRI, Philippines) ধান চাষে ২-৪ বার মাটিতে ইউরিয়া উপরি প্রয়োগের সুপারিশ করেছে) http://www.knowledgebank.irri.org/.../pop_up_Nitrogen_applica...)

এক টন ধান ও খড় উৎপাদন করতে ১৫-২০ কেজি নাইট্রোজেন ধান গাছকে আহরণ করতে হয়। অর্থাৎ বোরো মৌসুমে হেক্টর প্রতি ছয় টন ফলন পেতে হলে ধান গাছকে ৯০-১২০ কেজি নাইট্রোজেন আহরণ করতে হবে। এ হিসেবে ইউরিয়ার পরিমাণ হবে ১৯৫-২৬০ কেজি। কিন্তু এদেশে ধান চাষে ইউরিয়ার ব্যবহার সক্ষমতা (Nitrogen use-efficiency) শতকরা ৩০-৩৫ ভাগ মাত্র। ফলে ছয় টন ধান উৎপাদন করতে প্রায় ৬০০ কেজি ইউরিয়া প্রয়োগ করতে হবে। কিন্তু মাটি, পানি ও অন্যান্য উৎস হতে পাওয়া যায় প্রায় ৩০০ কেজি এবং আমাদেরকে প্রয়োগ করতে হয় প্রায় ৩০০ কেজি। এই বিপুল পরিমাণ ইউরিয়া সার ৩.৫% হারে স্প্রে করতে হলে ধান গাছের পুরো বৃদ্ধির সময়ের (whole growth period) জন্য ১৭ (সতের) বার স্প্রে করতে হবে। তাছাড়া কেবল মাত্র শেষ কিস্তির ইউরিয়া সার ৩.৫% হারে স্প্রে করতে হলে প্রায় ৬ বার স্প্রে করতে হবে। সর্বোপরি টেকসই মাটির উর্বরতা সংরক্ষণ, উৎপাদন খরচ ও দ্রবণের ঘনত্ব কৃষক পর্যায়ে সঠিক মাত্রায় প্রয়োগ করতে না পারার বিবেচনায় ব্রি মাঠ পর্যায়ে ধান গাছে ইউরিয়া স্প্রে প্রযুক্তি সম্প্রসারণের সুপারিশ করেনি। ফেসবুকে যে স্ট্যাটাস দেবার কারণে ব্রি কর্তৃপক্ষ উপরের স্ট্যাটাসটি দিয়েছেন প্রথমে তা নীচে সামান্য সংশোধিত আকাওে (আপডেট) উপস্থাপন করা হলো

<u>৩৫% ইউরিয়া সাশ্রয়ী এবং ১০% পর্যন্ত ফলন বৃদ্ধি সংক্রান্ত "ধান চাষের ইউরিয়া সাশ্রয়ী স্প্রে প্রযুক্তি"</u>

ধান চাষে এ প্রযুক্তি ব্যবহারে গুরুত্বপূর্ণ যে সুফল পাওয়া যাবেঃ-

১) মাটিতে ইউরিয়া সারের ব্যবহার কমে যাবে শতকরা ৫০% এবং সামগ্রীক ভাবে শতকরা ৩০-৩৫%।

২) ধানের ফলন বৃদ্ধি পাবে শতকরা ১০% পর্যন্ত, যা আমাদের খাদ্য নিরাপত্তা বৃদ্ধিতে সহায়ক হবে, সামগ্রীকভাবে ধান চাষের উৎপাদন ব্যয় কমে যাবে।।

৩) সংকটকালীন সময়ে (কৃত্রিম সার সংকট/ সাময়িক খরা/ জলাবদ্ধতা/সিরিয়াল সমস্যা/পাম্প নষ্ট হওয়া) চাষি অল্প পরিমান ইউরিয়া স্প্রের মাধ্যমে ব্যবহার করে তার ফসলকে রক্ষা করতে পারবে। এছাড়া মাটির অন্য যে কোন সীমাবদ্ধতাকে পাশ কাটিয়ে ধান গাছে নাইট্রোজেন সরবরাহ করা সম্ভব হবে।

৪) ফসলে রোগ ও পোকার উপদ্রব কমে যাবে। উৎপাদিত ধানের রং বেশী উজ্জ্বল হবে বলে চাষি ধানের বাজার মূল্য বেশী পাবে সহজে বিক্রয় করতে পারবে।

৫) উন্নত বিশ্বের গবেষণা পত্রের মাধ্যমে জানা যায় পাতার মাধ্যমে ইউরিয়া প্রদান করলে ধান/গমের দানায় প্রোটিনের পরিমান বেশী থাকে এবং খড়ে নাইট্রোজেনের পরিমান বেশী থাকে। সুতরাং প্রযুক্তিটি মানব এবং গো পুষ্টিতে অধিকতর কার্যকর হবে।

৬) মাটি, পানি এবং পরিবেশের দূষণমাত্রা কমাতে বেশী সহায়ক হবে। অধিক ইউরিয়ার ব্যবহারের কারণে মাটি ও পানিতে বিষাক্ততার সৃষ্টি হচ্ছে।

৭) এছাড়া জমাটবদ্ধ ইউরিয়া সারও চাষিরা সহজে স্প্রের মাধ্যমে জমিতে প্রয়োগ করতে পারবেন।

<u>প্রযুক্তিটি সংক্ষিপ্ত আকারে নীচে উপস্থাপন করলাম।</u>

প্রথম ধাপঃ- বীজতলা থেকে ধানের চারা তোলার আগের দিন বিকালে প্রতি লিটার পানিতে ২০ গ্রাম ইউরিয়া, ১০ গ্রাম এমওপি, ৩ গ্রাম থিওভিট/ কুমুলাস, ১.০ গ্রাম চিলেটেড জিঙ্ক এবং ০.৫ গ্রাম লিবরেল বোরণ এবং সম্ভব হলে যেকোন সিসটেমিক কীটনাশক ও ছত্রাকনাশক মিশিয়ে স্প্রে করে নিতে হবে। এর ফলে চারার রোপনজনিত আঘাত কম লাগবে, চারা দ্রুত প্রতিষ্ঠিত হবে এবং প্রথম থেকেই টিলার উৎপন্ন শুরু করবে এবং চারা অবস্থায় রোগ পোকার আক্রমন কম হবে। বীজ তলায় স্প্রে বাধ্যতামূলক নয় তবে করলে বেশী ভালো ফলাফল পাওয়া যাবে। ১ শতক বীজ তলা ভিজাতে ১.৬-২.০ লিটার দ্রবণ ব্যবহার করতে হবে। তবে মুল জমিতে স্প্রের সময় ১৬ লিটার দ্রবণ দিয়ে ১১ শতক স্প্রে করা যাবে। অর্থাৎ ৩৩ শতকের ১ বিঘা জমি একবার স্প্রে করতে ৪৮ লিঃ দ্রবণ প্রয়োজন হবে।

দ্বিতীয় ধাপঃ- মাটিতে ইউরিয়া প্রদান এবং পাতায় ইউরিয়া স্প্রে সংক্রান্ত বিষয়টি ছক আকারে উপস্থাপন করা হলো।

মৌসুম	জাত	জীবনকাল (দিন)	রোপণের সময় চারার বয়স (দিন)	মাটিতে ইউরিয়া প্রদান		স্প্রে সংখ্যা	স্প্রে দ্রবণপ্রস্তুত প্রতি ১৬ লিটারে গ্রাম (ইউরিয়া +পটাশসার থিওভিট/কুমুলাস+ লিবরেল বোরণ + চিলেটেড জিঙ্ক)	স্প্রে সময় (চারা রোপণের পর, দিন)		
				শেষ চাষে ইউরিয়া প্রদান	উপরি প্রয়োগের সময় ইউরিয়া প্রদান এবং রোপণের কত দিন পরে			১ম	২য়	৩য়
আউশ	পারিজা	১০০-১০৫	১৫-২০	২০%	৩০% (১০-১২ দিন পরে)	২ টি	৬০০+২০০+১৬+৫+৫	২৫-৩০	৪০-৪৫	-
	ব্রিধান-৪৮	১১০-১১৫	২০-২৫	২০%	৩০% (১২-১৫ দিন পরে)	২ টি	৬০০+২০০+১৬+৫+৫	২৫-৩০	৪০-৪৫	-
আমন	বিনা-৭	১১০-১১৫	১৫-২০	২০%	৩০% (১২-১৫ দিন পরে)	২টি	৬০০+২০০+১৬+৫+৫	২৫-৩০	৪০-৪৫	-
	বিআর-১১/ব্রিধান-৪৯	১৪০-১৪৫	২৫-৩০	১০%	৪০% (১৫-২০ দিন পরে)	৩টি	৬০০+২০০+১৬+৫+৫	৩০-৩৫	৪৫-৫০	৬০-৬৫
বোরো	ব্রিধান-২৮ জিরা/ মিনিকেট	১৪০-১৪৫	৩৫-৪০	১০%	৪০% (১৫-২০ দিন পরে)	৩টি	৬০০+২০০+১৬+৫+৫	৩০-৩৫	৪০-৪৫	৫০-৫৫
	ব্রিধান-২৯	১৬০-১৬৫	৩৫-৪৫	১০%	৪০% (২০-২৫ দিন পরে)	৩টি	৮০০+২০০+১৬+৫+৫	৪০-৪৫	৫০-৫৫	৬০-৬৫

** প্রযুক্তির মূল সূত্র হলো ধান চাষের মোট প্রয়োজনীয় ইউরিয়া সারের কমপক্ষে ৫০ % (দুই বারে) মাটিতে ব্যবহার করে পর্যাপ্ত পাতা তৈরী করে তারপরে ১৫-২০% ইউরিয়া (১.২৫% পটাশ, কিছু সালফার, জিঙ্ক এবং বোরণসহ) স্প্রে করে প্রয়োগ করতে হবে। স্প্রে সর্বাধিক কুশি উৎপাদন পর্যায়ে শুরু করে বুটিং এবং হেডিং এর

মাঝামাঝি সময়ের মধ্যে শেষ করতে হবে। ইউরিয়ার পরিমান কিছু বেশী হলেও তেমন কোন অসুবিধা হয় না। এ ক্ষেত্রে কার্যকারিতা আরও বেশী দেখা যায়। তবে পটাশের মাত্রাটি বেশী না হওয়া ভালো। স্প্রে সময় ধান গাছের পাতার রং দেখে কিছু আগে বা পিছে করা যেতে পারে। ব্রিধান-২৮/ জিরা/মিনিকেটে জাতের ক্ষেত্রে তৃতীয় স্প্রে সতর্কতার সাথে করতে হবে, গাছের গ্রোথ বা বৃদ্ধি খুব বেশী ভালো থাকলে ইউরিয়া সারের মাত্রা কমিয়ে দিতে হবে। তবে ব্রিধান-২৯ এর ক্ষেত্রে অবশ্যই তৃতীয় স্প্রে করতে হবে। **এ প্রযুক্তির মাধ্যমে মূলত কৃষকদেরকে ধান চাষের ক্ষেত্রে দেশীয় সহজলভ্য উপকরণ ব্যবহারের মাধ্যমে কিভাবে একটি কার্যকার মিশ্র তরল সার তৈরী করতে পারবে তার ফর্মুলেশন শিখিয়ে দেওয়া হয়েছে। প্রযুক্তিটি ব্যাপক পরিসরে প্রয়োগের আগে ১১ শতক বা এক বিঘা জমিতে প্রয়োগ করে দেখে নেবার জন্য অনুরোধ করছি।**

উদাহরণঃ- যদি এক বিঘা জমির ধান চাষে মোট ৩০ কেজি ইউরিয়া সারের প্রয়োজন হয়, তবে শেষ চাষে ৩.০ কেজি এবং টপ ড্রেসিং এ ১২ কেজি মাটিতে দিতে হবে {মোট প্রয়োজনীয় ইউরিয়ার ১০%+৪০%= ৫০% এবং পাতার মাধ্যমে তিন বারে স্প্রে মাধ্যমে প্রয়োগ করতে হবে ৫.৪০ কেজি। আর ব্রিধান -২৯ এর ক্ষেত্রে পাতায় তিন বারে ৭.২০ কেজি। তবে ধান চাষে মোট প্রয়োজনীয় ইউরিয়া সারের পরিমান ৩০ কেজির চেয়ে বেশী হলে (অর্থৎ জমি খুব অনুর্বর হলে বা ইউরিয়ার চাহিদা বেশী হলে) ১৬ লিটার পানিতে ৮০০ গ্রাম ইউরিয়া এবং ২০০ গ্রাম পটাশ সার মিশিয়ে স্প্রে শুরু করতে হবে। তৃতীয় স্প্রের সময় গাছের অবস্থা দেখে ইউরিয়ার (কতটুকু দিতে হবে) তার পরিমান নির্ধারণ করতে হবে।

কিছু গুরুত্বপূর্ণ নির্দেশনাঃ- ১) ধান চাষে জৈব এবং অজৈব সকল সার প্রয়োগ ও পরিচর্যা স্বাভাবিক নিয়মে করতে হবে। ২) স্প্রে কখনই তীব্র রোদ্রের সময় করা যাবে না, স্প্রে সকাল ৯.০ ঘটিকার আগে বা বিকাল ৪.০০ঘটিকার পরে করতে হবে, তবে সকালের চেয়ে বিকালে করা বেশী উত্তম। ৩) স্প্রে করার ২৪ ঘন্টার মধ্যে বৃষ্টি না হলে স্প্রে এর ফলাফল পূর্ণ ভাবে কার্যকর হবে তবে বৃষ্টি হলে পাতার রং দেখে স্প্রের সময় নির্ধারণ করতে হবে। ৪) পটাশ সার ছেঁকে নিলে বেশী ভালো হবে, এ ক্ষেত্রে নজেল জাম হবার ভয় থাকবে না। ৫) স্প্রে বালাইনাশকের বা কীটনাশকের করা যাবে, এর ফলে স্প্রে প্রয়োগের খরচ কমে যাবে। প্রযুক্তিটি বর্তমান সময়ে বিএডিসির অধিকাংশ খামারে ও চুক্তিবদ্ধ চাষি বা সাধারণ চাষির শত শত বিঘা জমিতে প্রয়োগ করা হচ্ছে। এ প্রযুক্তি প্রয়োগে চাষির ক্ষতিগ্রস্থ হবার নূন্যতম সম্ভাবনা নেই ইনশাআল্লাহ। কারণ প্রযুক্তিটি উন্নত বিশ্বে বহুল প্রচলিত ফোলিয়ার ফিডিং বিজ্ঞানের আলোকে উদ্ভাবন করা হয়েছে।

ব্রি'র বিজ্ঞানীদের ইউরিয়া স্প্রে মাধ্যমে ধান চাষ সংক্রান্ত ফেসবুক স্ট্যাটাসের বিষয়ে আমার বক্তব্য সবিস্তারে উপস্থাপন করলাম।

সংশ্লিষ্ট সকলের নিকট বিণীত অনুরোধ রইল আমার মতামত সম্বলিত এ লেখাটি শেষ পর্যন্ত পড়ে দেখার জন্য। আমি আশাকরি এর মাধ্যমে ধান চাষে উরিয়া স্প্রে সংক্রান্ত বিষয়ে দেশে যে বিতর্ক রয়েছে তার অবসান হবে এবং এ বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে সহায়ক হবে।

"১। বিগত ১৯৭৪-৭৫ সনে ব্রি-তে প্রথম ইউরিয়া স্প্রে নিয়ে গবেষণা শুরু করা হয়। এ গবেষণায় দেখা যায় বোরো মৌসুমে বিআর৩ জাতে হেক্টর প্রতি ৩০ কেজি নাইট্রোজেন শেষ চাষে এবং ৩০ কেজি স্প্রে আকারে ব্যবহার করে ধান ফলানো সম্ভব। তবে হেক্টর প্রতি ৪০ কেজি নাইট্রোজেন মাটিতে প্রয়োগ এবং ৪০ কেজি স্প্রে করলে পাতা পুড়ে যায়। সুতরাং স্প্রে করে ইউরিয়া প্রয়োগ সুপারিশ করা হয়নি (BRRI Annual Report, 1974-75)।"

মতামতঃ- এ বিষয়টি জেনে আমি অভিভূত যে আজ থেকে প্রায় ৪০ বছর আগে এদেশেরই সম্মানিত ধান বিজ্ঞানীরা ইউরিয়া স্প্রে করে ধান চাষের বিষয়ে সচেষ্ট হয়েছিলেন এবং তাঁরা প্রাথমিকভাবে সফলকামও হয়েছিলেন। আমার নিশ্চিত বিশ্বাস ২০০৮-০৯ সালে এই তথ্যটি যদি ব্রি এর সম্মানিত বিজ্ঞানীরা অবহিত

থাকতেন তবে টাঙ্গাইলের চাষি মোঃ আব্দুল আজিজের ইউরিয়া স্প্রে করে ধান চাষের বিষয়টি উপস্থাপনের সাথে সাথে এত বড় ধরণের বিতর্ক সৃষ্টি হতো না। কারণ সংবাদটির মধ্যে অতিরঞ্জন কিছু থাকলেও একটি বার্তা ছিল বলে মনে করি। এই information কে কাজে লাগিয়ে অতীতে সম্পাদিত গবেষণার প্রাপ্ত ফলাফলের আলোকে ট্রিটমেন্ট এবং ডিজাইন সেট করে এ বিষয়ের একটি সুন্দর এবং গ্রহণযোগ্য তথ্য জাতির নিকট উপস্থাপন করতে পারতেন।

গবেষণা পত্রটি পেলে এবিষয়ে কিছু বলা সহজ হতো। তবে ৪০ কেজি/হেঃ নাইট্রোজেন (৮৭.০ কেজি ইউরিয়া) স্প্রে করে ধানের পাতা পুড়ে যাবার বিষয়ে আমার মনে হয়েছে যে স্প্রেটি রৌদ্রের সময়ে করা হয়েছে অথবা বেশী দ্রবণ পাতায় ফেলা হয়েছে। কারণ আমি দেখেছি বোরো মৌসুমে ৮.০% ঘনত্বে (৪০০ লিটার/হেঃ দ্রবণ) ইউরিয়া সকাল ৮.০০ ঘটিকার পূর্বে বা বিকাল ৪.০০ ঘটিকার পরে স্প্রে করলে ধানের পাতার কোন ক্ষতি হয় না। আমার অভিজ্ঞতাতে যা মনে হয়েছে ব্রি'র হিসাবে ৩০ কেজি নাইট্রোজেন (৬৫.০ কেজি ইউরিয়া) প্রতি হেক্টরে ৩ বারে স্প্রে করলে ইউরিয়ার ঘনত্ব হবে ৪.৩৯% এবং ৪০ কেজি নাইট্রোজেন প্রতি হেক্টরে ৩ বারে স্প্রে করলে ইউরিয়ার ঘনত্ব হবে ৫.৮৯%। আমার অভিজ্ঞতা বলে এমন কনসেনট্রেশনে ইউরিয়া দ্রবণ স্প্রে করলে ধানের পাতা পোড়ার কথা নয়। প্রকৃতপক্ষে, ১৯৭৪-৭৫ সালে আমাদের সদ্য স্বাধীন দেশের যে আর্থ সামাজিক অবস্থা ছিল তখন ইউরিয়া স্প্রে করে ধান চাষের বিষয়টি সম্প্রসারণ করার কথা হয়তো কল্পনাতেও ছিলনা। কারণ, সে সময়ে মানুষ মাটিতে ইউরিয়া দেবার ব্যাপারেই অনিহা প্রকাশ করত। সুতরাং স্প্রে করে বানিজ্যিক ভাবে ধান চাষ করার বিষয়টি ছিল সুদূর পরাহত। এছাড়া সে সময়ে হাতে গোনা কয়েকজন চাষির বাড়িতে স্প্রে মেশিন ছিল। সে সময়ে চাইলেও প্রযুক্তিটা সম্প্রসারণ করা যেত না। দেশে ইউরিয়া সারের ব্যবহারের প্রায় সূচনালগ্নে এমন একটি চিন্তা অবশ্যই প্রশংসার দাবী রাখে। কিন্তু বর্তমান সময়ে প্রেক্ষাপট সম্পূর্ণ ভিন্ন। এখন প্রায় প্রত্যেক চাষির বাড়িতে সহজলভ্য এবং সুলভ চাইনিজ স্প্রে মেশিন রয়েছে। বর্তমান সময়ে বিভিন্ন বালাইনাশক স্প্রে করা ব্যতীত উচ্চ ফলনশীন যে কোন ধরণের ফসল চাষ সম্ভব হয় না। সুতরাং এসময়ে প্রযুক্তিটি লাভজনক বা ফসল উৎপাদনে চাষি সুফল পেলে তা মাঠে যাবার অনুকুল অবস্থাও রয়েছে। **আসলে বিজ্ঞানের সাফল্য এটাই, যা আজকে সত্য বা কার্যকর নয় তা গবেষণার মাধ্যমে আগামীকাল সত্য বা কার্যকর বলে প্রমাণিত হয়।**

"২। পরবর্তীতে ১৯৭৭ সনে তরল ইউরিয়া ব্যান্ড প্লেসমেন্ট করে ধান ফলানোর প্রচেষ্টা নেয়া হয়। তবে তিনবার উপরি প্রয়োগের মত ভাল ফলন পাওয়া যায়নি (BRRI Annual Report, 1977)"

মতামতঃ- ব্যান্ড পদ্ধতিতে তরল ইউরিয়া প্রয়োগ করে ধান চাষ এবং পাতায় স্প্রে করে ধান চাষের বিষয়টি সম্পূর্ণ ভিন্নতর হওয়ায় আমি দৃষ্টি আকর্ষণ করছি শুধু পাতায় স্প্রে করে ইউরিয়া প্রদান সংক্রান্ত প্রযুক্তি (Foliar Feeding Technique) এর বিষয়ে।

"৩। ১৯৭৮ সালে ব্রি বিজ্ঞানী ড. নীলুফার হাই করিম আমেরিকার ফ্লোরিডা বিশ্ববিদ্যালয়ে তাঁর পিএইচডি গবেষণায় দেখিয়েছেন যে, পাতায় বা মাটিতে ইউরিয়া দিলে ইউরিয়েজ এনজাইমের মাধ্যমে এর কার্যকারীতা বৃদ্ধি পায় এবং ইউরিয়া সার NH_4/NO_3 আকারে রূপান্তরের মাধ্যমে গাছ গ্রহণ করে। কাজেই গাছ পাতার মাধ্যমে ইউরিয়া সার গ্রহণ করতে পারে তা অনেক আগেই ব্রি বিজ্ঞানীর মাধ্যমে জানা গেছে, এটা নতুন কোন তথ্য নয়। (N H Karim,1978 Photosynthesis and growth of rice as influenced by potassium nitrate and urea fertilizer, Univ. of Florida,USA) "

মতামতঃ- গাছে পাতার মাধ্যমে স্প্রে করে সর্ব প্রথম পুষ্টি প্রদান করা হয় ১৮৪৪ সালে আমেরিকাতে। তবে গাছ যে পাতার মাধ্যমে কার্যকরভাবে পুষ্টি উপাদান গ্রহণ করতে পারে তা সর্বপ্রথম প্রমাণিত হয় ১০৬ বছর পর ১৯৫০ সালে। আমেরিকার মিসিগান স্টেট ইউনিভারসিটির উদ্যানতত্ত্ব বিভাগের Dr. H.B. Tukey এবং S.H. Wittwer নামক দুই জন স্বনামধন্য বিজ্ঞানী বিষয়টি সুনির্দিষ্ট ভাবে প্রমাণ করেন। আসলে এ তথ্যটি উন্মোচনের

ফলেই উন্নত বিশ্বের কৃষিতে ফোলিয়ার ফিডিং কৌশলটি ব্যাপক ভাবে সম্প্রসারিত হয়েছে। পাতার মাধ্যমে খাদ্য প্রদানের ক্ষেত্রে বর্তমান সময়ে বুম স্প্রেয়ার, বিমান, হেলিকপ্টার এমন কি ড্রোন পর্যন্ত ব্যবহার করে থাকে। বর্তমান সময়ে আমরা যে সকল বিদেশী ফল যেমন কমলা, আপেল, আঙ্গুর, মাল্টা প্রভৃতি খাই তার প্রতিটি ফোলিয়ার ফিডিং প্রযুক্তি ব্যবহার করে উৎপাদন করা হয়।

"Dr. H.B. Tukey, renowned plant researcher and head of the Michigan State University (MSU) Department of Horticulture in the 1950s, working with research colleague S.H. Wittwer at MSU, first proved conclusively that foliar feeding of plant nutrients really works. Researching possible peaceful uses of atomic energy in agriculture, they used radioactive phosphorus and radiopotassium to spray plants, then measured with a Geiger counter the absorption, movement, and utilization of these and other nutrients within plants. They found plant nutrients moved at the rate of about one foot per hour to all parts of the plants."

"৪। এরপর ১৯৯৭ সনে বরিশালের জোয়ারভাটা অঞ্চলে তিন বার শতকরা ১.৫ ভাগ ইউরিয়া দ্রবণ স্প্রে করা হয়। এতে হেক্টর প্রতি আধা টন ফলন কমে যায় (BRRI Annual Internal Review, 1998)"

মতামতঃ- পূর্ণাঙ্গ গবেষণা পত্রটি দেখলে জানা যেত যে পরীক্ষাটা কি ভাবে করা হয়েছিল। পূর্ণাঙ্গ গবেষণা পত্রের জন্য ব্রি মহাপরিচালক মহোদয় বরাবরে আবেদন করেছি আশা করি তা অচিরেই পাব। তবে এমন জোয়ার ভাটার অঞ্চলে স্বাভাবিক ধান চাষ পদ্ধতির উপরে প্রতি লিটার পানিতে ১৫.০ গ্রাম ইউরিয়া এবং ১০.০ গ্রাম এমওপি সার মিশিয়ে ধান রোপণের ৩০ দিন, ৪৫ দিন এবং ৬০ দিনের সময় অতিরিক্ত পরিপূরক খাদ্য (Additional Suppimental Food) হিসাবে স্প্রের মাধ্যমে প্রয়োগ করে দেখার জন্য অনুরোধ করছি। এক বিঘা জমিতে একবার স্প্রে করতে ৪৮ লিটার দ্রবণ ব্যবহার করতে হবে। স্প্রে সকাল ৯.০০ ঘটিকার আগে বা বিকালের পড়ন্ত রোদের সময় করতে হবে। আমার নিশ্চিত বিশ্বাস এভাবে স্প্রে করলে ধানের ফলন অনেক বৃদ্ধি পাবে। চলন বিলের গভীর পানির আমন ধান চাষের ক্ষেত্রেও এই প্রযুক্তিটি অতিমাত্রায় কার্যকর বলে প্রমাণ পেয়েছি।

"৫। বিগত ২০০৯ হতে ২০১২ পর্যন্ত ব্রি-তে ধারাবাহিক ভাবে আমন (ব্রিধান ৪৯) ও বোরো মৌসুমে (ব্রিধান ২৯ ও ব্রি ধান ৪৫) ইউরিয়া স্প্রে নিয়ে বিস্তারিত ভাবে গবেষণা কার্যক্রম চালানো হয়। দুইবার উপরি প্রয়োগ করার পর ৩.৫% ঘনত্বে ইউরিয়া স্প্রে করে আদর্শ ব্যবস্থাপনায় প্রায় সমান ফলন পাওয়া সম্ভব, সে ক্ষেত্রে আমন মৌসুমে শতকরা ৪ ভাগ এবং বোরো মৌসুমে শতকরা ১৭ভাগ ইউরিয়া সাশ্রয় হয়। এ বিষয়ক প্রকাশনায় লেখক গবেষণার ফলাফল পুনঃ পরীক্ষার সুপারিশ করেছেন (MIMAkhand et. Al.2013. Eco-friendly Agril.j 6(09) । টেকসই মাটির উর্বরতা, প্রয়োগ পদ্ধতি, সঠিক সময় নির্ধারণ এবং দ্রবণের ঘনত্ব সঠিকভাবে মাঠ পর্যায়ে নির্ণয় করা সহজ নয় বিধায় ব্রি হতে পাতায় ইউরিয়া সার স্প্রে করার সুপারিশ করা হয়নি (BRRI Annul Internal Review, 2010-12) । তবে গবেষণাটি চলমান রয়েছে।"

মতামতঃ- প্রথমে গবেষণা পত্রটির শিরোনাম এবং সার সংক্ষেপ দেখা যেতে পারে

"Urea Spraying as an Effective Alternate Method of Nitrogen Management"

"Conclution:-

About 22% urea could be saved in Aman season and 27% urea in Boro season without scarifying grain yield of rice if 2/3rd of recommended urea was applied as top dress at 20 and 30 DAT along with 2-3 times urea spraying (at MT, PI and booting stages) maintaining

3.5% concentration of urea solution instead of last top dress. However, further investigation is necessary to draw a definite conclusion."

জার্ণালে প্রথমে প্রকাশিত ব্রি এর গবেষণা পত্রে দেখা যাচ্ছে আমন মৌসুমে ইউরিয়া সাশ্রয় হয়েছে ২২% এবং বোরোতে ২৭% কিন্তু ব্রি এর পক্ষ থেকে পরবর্তীতে সংশোধন করা হয়েচে আমনে ৪% এবং বোরোতে ১৭% ইউরিয়া সাশ্রয় করা সম্ভব হবে। ৩ বছরের ৬টি গবেষণা পত্রের তথ্য একত্রিভুত করলে দেখা যায় যে, আমনে হেক্টরে ধানের ফলন বেশী হয়েছে ৯ কেজি এবং ইউরিয়া সাশ্রয় হয়েছে ২২% আবার বোরোতে হেক্টরে ধানের ফলন কম হয়েছে ৬ কেজি । অর্থাৎ বলা যায় ২০০৯- ২০১২ পর্যন্ত ৩ বছরের ৬টি পরীক্ষার গড় ফলাফল ১০.৫% ইউরিয়া সাশ্রয় এবং ধানের ফলন বৃদ্ধি হয়েছে ৩ কেজি। ব্রি এর ইউরিয়া স্প্রে পদ্ধতির চেয়ে উদ্ভাবিত ইউরিয়া সাশ্রয়ী স্প্রে প্রযুক্তিটি বেশী মাত্রায় কার্যকর হবার মূও কারণ হলো ইইরয়ার সাথে পটাশসহ মাইক্রো নিউট্রিয়েন্টে একটি কম্বিনেশন যুক্ত করা হয়েছে।

"৬। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় বিগত ২০০৮ সনে ইউরিয়া স্প্রে নিয়ে একটি গবেষণা পরিচালনা করেন। ব্রি ধান২৯ এ মাটিতে ২ বার উপরি প্রয়োগ এবং ১-৩% ইউরিয়া দ্রবণ পাতায় স্প্রে করে হেক্টর প্রতি ৪.৭৭-৫.১৮ টন ফলন পাওয়া যায়। পক্ষান্তরে মাটিতে তিনবার উপরি প্রয়োগ করে ফলন পান ৫.৩৪ টন/হেঃ। প্রান্তিক আয়-ব্যায়ের হিসাবে ইউরিয়া স্প্রে'র প্রযুক্তির খরচ প্রায় দ্বিগুনেরও বেশী। ফলে এ গবেষকগণ তাদের ফলাফল পুনঃপরীক্ষার সুপারিশ করেন (Alam et al.2010; J. Bangladesh Agrl. Univ.8(2);100-202). "

Conclusion

The application of 282 kg urea ha -1 is the best treatment in terms of both obtaining higher grain yield and economic performance. The results of the study also indicate that soil application is better than foliar application. However, further investigation is necessary to draw a definite conclusion".

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের গবেষণাতে একটি বিষয় উল্লেখ করা হয়েছে যে, পাতার মাধ্যমে ইউরিয়া প্রয়োগ করলে তা ধান গাছের বৃদ্ধি এবং ফলনে সুস্পষ্ট ভাবে প্রভাব ফেলে। (The results showed that soil and foliar application of nitrogen significantly influenced the growth and yield of crop). মেথেডোলজি দেখলে দেখা যায় ৩টি ট্রিটমেন্টে মাটিতে কোন ইউরিয়া প্রদান করা হয়নি এবং ৩টি ট্রিটমেন্টে মাটিতে ১ বারে ৯৪ কেজি ইউরিয়া (৩৩.৩৩%) প্রয়োগ করে ১% থেকে ৩% ঘনত্বে ইউরিয়া ৪ বার স্প্রের মাধ্যমে হেক্টরে সর্বমোট ১০,০০০ (দশ হাজার) লিটার দ্রবণ ব্যবহারের মাধ্যমে প্রয়োগ করা হয়েছে।

এই পরীক্ষাতে ইউরিয়া স্প্রে করে ধান চাষ করা লাভজনক না হবার কারণ প্রধানত ৪টি বলে মনে হয়েছেঃ-

বিভিন্ন ট্রিটমেন্টে মাটিতে একেবারে কোন ইউরিয়া ব্যবহার করা হয়নি বা অতিরিক্ত কম পরিমান ইউরিয়া সারের ব্যবহার করা হয়েছে।

১) স্প্রে করতে অতিরিক্ত শ্রমিক খরচ হয়েছে। এক হেক্টর জমিতে চার বার স্প্রে করতে ১০,০০০ লিটার দ্রবণ ব্যবহার করা হয়েছে। চাষিরা এক হেক্টর জমিতে ৪ বার স্প্রে করতে সাধারণত ১৪৩৪ লিটার দ্রবণ ব্যবহার করে থাকে। এই পরীক্ষাতে অতিরিক্ত শ্রমিক খরচ হয়েছে বলে ধানের উৎপাদন ব্যয় দ্বিগুনের চেয়ে বেশী হয়েছে ।

২) এই পরীক্ষাতে ধান রোপণের ১০ দিন, ২৫ দিন, ৪০দিন এবং ৬০ দিনের সময়ে স্প্রে করা হয়েছে। বোরো মৌসুমে ব্রিধান ২৯ এর ক্ষেত্রে রোপণের ১০ দিন এবং ২৫ দিনের সময়ে ধান গাছের তেমন পাতা হয় না সুতরাং প্রথম দুই বারের স্প্রেতে তেমন কোন কাজ হয়নি। অধিকাংশ স্প্রে দ্রবণ মাটিতে পরে গেছে। **স্প্রে প্রযুক্তির মূল বিষয় হলো স্প্রে করার সময় জমিতে পর্যাপ্ত পাতা থাকতে হবে।**

৩) ইউরিয়া সার সাশ্রয় না হয়ে অতিরিক্ত ব্যবহার করা হয়েছে বা যেখানে সাশ্রয় করা হয়েছে সেখানে অতিরিক্ত কম ইউরিয়া মাটিতে প্রয়োগ করা হয়েছে।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা বিজ্ঞান বিভাগের এ পরীক্ষার বিষয়ে সামগ্রীক ভাবে আমার মনে হয়েছে যে, ট্রিটমেন্টে মাটিতে ইউরিয়া প্রদান কম হয়েছে এবং অতিরিক্ত শ্রমিক খরচ হয়েছে একারণে স্প্রে'র মাধ্যমে ধান চাষ লাভজনক হয়নি।

"৭। শেরএ বাংলা কৃষি কৃষি বিশ্ব বিদ্যালয়েও এ বিষয়ে গবেষণা পরিচালিত হয় ২০০৮-০৯ সনে। তারা দুই বার দ্রবণের ঘনত্ব ০.৫% এবং ১.৫ হারে ইউরিয়া স্প্রে করে (যথাক্রমে ২০ কেজি এবং ৪০ কেজি ইউরিয়া /হেঃ হারে) যে ফলন পান তা মাটিতে প্রয়োগের (ব্রি অনুমোদিত) চেয়ে হেক্টর প্রতি প্রায় দুই টন কম (Hassanuzzaman et al., 2009; Intl. J. Sustain Agric. L(1): 01-05)"

মতামতঃ- প্রথমে গবেষণার সারাংশ দেখা যেতে পারে

"Foliar spray of urea produced the lowest yield components and yield in this study"

মতামতঃ- শের-এ-বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা'র এই গবেষণাতে মাটিতে যেখানে ৩ বারে ২০০ কেজি ইউরিয়া সার ব্যবহার করা হয়েছে সেখানে সর্বাধিক ফলন হয়েছে, আর যেখানে পাতার মাধ্যমে মোট দুইবার স্প্রের মাধ্যমে ২০ কেজি এবং ৪০ কেজি ইউরিয়া প্রদান করা হয়েছে সেখানে স্বাভাবিক ভাবেই ধানের ফলন কম হয়েছে। **কারণ, মাটিতে কোন ইউরিয়া উপরি প্রয়োগ না করে ধান চাষের প্রয়োজনীয় ইউরিয়ার ১০% এবং ২০% শুধু স্প্রে করে কাংখিত ফলন পাওয়া কোন মতেই সম্ভব নয়।** এই পরীক্ষার ইউরিয়া স্প্রে সংক্রান্ত ট্রিটমেন্ট দুইটি টাঙ্গাইলের চাষি জনাব মোঃ আব্দুল আজিজের বিঘাতে ২/৩ কেজি ইউরিয়া স্প্রে করে ধান চাষ করা যাবে এমন তথ্যের আলোকে অর্ন্তভুক্ত করা হয়েছিল বলে মনে করি। **ধান গাছে ইউরিয়া স্প্রে করার প্রধান পূর্বশর্ত হলো ধানের পর্যাপ্ত পাতা থাকতে হবে।** মাটিতে কোন ইউরিয়া না দিলে ধান গাছের তেমন কুশি হবে না ফলে পাতা কম থাকবে। আর কার্যকরভাবে ধান চাষেরআর একটি প্রধান পূর্বশর্ত হলো ধান গাছের প্রয়োজনীয় পরিমান নাইট্রোজেনের যোগান নিশ্চিত করতে হবে। শের-এ- বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের এই পরীক্ষাতে তা নিশ্চিত হয়নি। আমার মনে হয় গবেষকগণ এই পরীক্ষাতে মাটিতে কোন ইউরিয়া না দিয়ে সম্পূর্ণ বিকল্প পদ্ধতিতে স্প্রে মাধ্যমে ধান চাষ করতে চেয়েছিলেন যা অনেকটা চাষি মোঃ আব্দুল আজিজের মত ছিল। কিন্তু আমার উদ্ভাবিত স্প্রে প্রযুক্তির মাধ্যমে ধান চাষের ক্ষেত্রে প্রথমে প্রয়োজনীয় ইউরিয়ার ৫০% মাটিতে প্রয়োগ করে পর্যাপ্ত পাতা তৈরী করে নেবার পরে স্প্রে মাধ্যমে পাতায় ১০-২০% ইউরিয়া প্রদান করা হয়ে থাকে। অর্থাৎ আমার উদ্ভাবিত প্রযুক্তিতে ধান চাষে সর্বমোট ইউরিয়া সারের ব্যবহার হয়ে থাকে ৬০-৭০%।

" ৮। আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউটে ধান উৎপদনে ইউরিয়া স্প্রে'র গবেষণা ফলাফলের উপরে De Datta (১৯৭৮) এর মন্তব্য "Foliar application of urea in split doses did not give favorable results over conventional methods of application". তিনি আরও উল্লেখ করেন "All-India Coordinated Rice Improvement Project' এর আওতায় ইউরিয়া স্প্রে'র উপরে অনেক গবেষণা হয়েছে যার ফলাফলে মাটিতে ইউরিয়া প্রয়োগ স্প্রে করার চেয়ে ভাল ফল দিয়েছে (De Datta1981)"

মতামতঃ- বর্তমান সময়ে ভারতের সরকারী টেলিভিশন চ্যানেল ডিডি কোলকাতাসহ বিভিন্ন টেলিভিশন চ্যানেলে ধানের জমিতে ইউরিয়া দ্রবণ ছড়িয়ে দেবার জন্য বলা হয়ে থাকে। সতরাং এটা বলা যেতে পারে যে বিজ্ঞপ্তিটি ভারতের কৃষি মন্ত্রণালয়ের এবং বিজ্ঞানীদের অনুমোদন সাপেক্ষে প্রচার হচ্ছে। অনুষ্ঠানটির নাম "কৃষিদর্শন" যা ডিডি কোলকাতা থেকে প্রতি বৃহস্পতিবার এবং শুক্রবার সন্ধ্যা ৬.০০ থেকে ৬.৩০ মিনিটে প্রচারিত হয়ে থাকে। ইউরিয়া স্প্রে সংক্রান্ত বিষয়ে ভারতের জনপ্রিয় আর একটি কৃষি বিষয়ক অনুষ্ঠান হায়দ্রবাদ থেকে প্রচারিত "অন্নদাতা"এর প্রডিউসার এগ্রোনমিষ্ট জনাব ড. সাগর মৈত্র মহোদয়ের কাছে এ বিষয়ে জানতে চাইলে

(২১.৮.১৫) তিনি বলেন যে, উল্লেখিত বিজ্ঞানী ভারতের একজন স্বনামধন্য ধান বিজ্ঞানী। তিনি ২ যুগের চেয়ে বেশী সময় ধানের উপরে বিভিন্ন গবেষণা করেছেন এবং বইও লিখেছেন। তিনি বলেন, উল্লেখিত গবেষণার তথ্যটি আজ থেকে প্রায় ৩৬ বছর আগের সময়ের। সুতরাং সে সময়ের প্রেক্ষাপট এবং বর্তমান প্রেক্ষাপট এক নয়। বর্তমানে ভারতে শুধু ইউরিয়া না, স্প্রে করে পটাশ এবং ফসফেট কমানোর বিষয়েও বিভিন্ন প্রতিষ্ঠানে গবেষণা চলছে। স্প্রে করে ধানের জমিতে ইউরিয়া প্রয়োগের বিষয়ে তিনি আরও বলেন। ধান চাষের প্রয়োজনীয় ইউরিয়া সারের কমপক্ষে অর্ধেক (৫০%) মাটিতে দিয়ে পাতা তৈরী করে নিয়ে তার পরে ১.৫ থেকে ২.০% ঘনত্বে কয়েকবার ইউরিয়া স্প্রে করার জন্য চাষিদের পরামর্শ প্রদান করা হয়। এভাবে প্রয়োগ করে শতকরা ২০-২৫% ইউরিয়ার ব্যবহার কমিয়ে দেওয়া যেতে পারে বলে তিনি জানান। তবে তিনি ধানের ফলন বৃদ্ধির বিষয়ে কিছু বলেন নি। তিনি আমার গবেষণা সংক্রান্ত এ উদ্যোগকে সাধুবাদ জানান।

"৯। আন্তর্জাতিক পরিমন্ডলে ধান চাষে ইউরিয়া সারের ব্যবহার নিয়ে প্রচুর কাজ হয়েছে এবং এখনো হচ্ছে। উদাহরণ স্বরূপ- Central Rice Research Institute (CRRI), India এর সুপারিশ হল ধান চাষে তিনবার মাটিতে ইউরিয়া উপরি প্রয়োগ করতে হবে (http://www.crri.nic.in/Research/Divisions/Agronomy.htm)"

মতামতঃ- আজ এটা প্রমাণিত সত্য যে বিভিন্ন প্রকৃতির মাটিতে বিভিন্ন জাতের ধান চাষ করতে হলে ২ বার থেকে ৪ বার মাটিতে ইউরিয়া প্রয়োগ করলে সর্বাধিক ভালো ফলাফল পাওয়া যায়। কারণ দেশে বিদেশে ইউরিয়া ম্যানেজমেন্ট সংক্রান্ত বিষয়ে কেবলমাত্র মাটিতে প্রয়োগ করে কিভাবে বেশী ধান ফলানো যেতে পারে সে বিষয়েই বেশী গবেষণা করা হয়েছে। এজন্যই আন্তর্জাতিক পরিমন্ডলে ধান চাষে ইউরিয়া সারের ব্যবহার নিয়ে মাটিতে কিভাবে ইউরিয়া প্রয়োগ করে সবচেয়ে বেশী ভালো ফলাফল পাওয়া যেতে পারে সে বিষয়ে বলা হয়েছে। এক্ষেত্রে CRRI স্বাভাবিক ভাবেই এমন মন্তব্য দিয়েছেন। (The optimum nitrogen level for the majority of the high yielding varieties was 80 to 100 kg N/ha in the wet season and 120 to 150 kg N/ha in the dry season. Application of one-half the nitrogen at planting and the rest in two equal splits at 21 days after planting and panicle initiation stages proved beneficial). পূর্বে পাতার মাধ্যমে ইউরিয়া প্রয়োগ করে ধান চাষের বিষয়ে খুব বেশী গবেষণা হয়নি। একারণেই স্প্রে মাধ্যমে ধান চাষের বিষয়ে আমাদের দেশে এতটা বিতর্ক।

ইউরিয়া সাশ্রয়ী স্প্রে প্রযুক্তিতে কেন সাফল্য পাওয়া গেলঃ- ইউরিয়া স্প্রে সংক্রান্ত প্রযুক্তির পরীক্ষার ক্ষেত্রে দেশে পরীক্ষার প্রাপ্ত তথ্য মতে সকল গবেষকেরা শুধু ইউরিয়া স্প্রে করেছেন কিন্তু আমার গবেষণার সাফল্যের মূল রহস্য হলো আমি ইউরিয়ার সাথে পটাশ, সালফার এবং কিছু মাইক্রোনিউট্রিয়েন্ট এবং কোন ক্ষেত্রে বেনিফিসিয়ারী উপাদানও (ম্যাজিক গ্রোথ) যোগ করছি। আমাদের দেশের সম্মানিত গবেষকেরা গবেষণাটি করেছেন গবেষণা খামারের সুনিয়ন্ত্রিত মাঠে কিন্তু আমি করেছি চাষির মাঠে। বর্তমান সময়ে চাষির মাঠের মাটির অবস্থা এবং গবেষণা প্রতিষ্ঠানের মাটির অবস্থা এক অবস্থায় নেই, এটা সকলেই একবাক্যে স্বীকার করবেন। আগে জমিতে প্রচুর কেঁচো দেখা যেত, এখন আর তা দেখা যায় না, এবং জৈব পদার্থ না দিয়ে শুধু রাসায়নিক সারের ব্যবহারের মাধ্যমে ধান/ ফসল চাষ করতে গিয়ে মাটির অনুজীবের সংখ্যা কমে গেছে, অনুপুষ্টির ঘাটতি হয়েছে এবং মাটিতে বিষাক্ততার সৃষ্টি হচ্ছে। ধানের জমির মাটির ইউরিয়েজ এনজাইম আসে মাইক্রোবস থেকে যা ইউরিয়াকে ভেঙ্গে গাছের জন্য গ্রহণোপযোগী করে তোলে। আবার অম্লধর্মী মাটিতে ফসফেট ঘটিত সার এ্যালুমিনিয়াম এবং আয়রনের দ্বারা দ্রুত আবদ্ধ হয়ে গাছের জন্য অগ্রহণযোগ্য অবস্থায় চলে যায় এছাড়া অম্লধর্মী মাটিতে ইউরিয়া ও পটাশ সারও পূর্ণমাত্রায় গাছ কর্তৃক গৃহীত হতে পারে না। লবণাক্ত মাটিতে মাইক্রো-নিউট্রিয়েন্টসহ অন্যান্য পুষ্টি উপাদান গাছ সঠিক ভাবে উত্তোলন করতে না পারার জন্য গাছ মারা যায় বা ফলন কমে যায়। লবণাক্ত মাটিতে ইউরিয়েজ এনজাইমের কার্যকারিতা কম থাকার কারণে ইউরিয়া ভাঙ্গতেও

অসুবিধার সৃষ্টি হয়। আসলে পাতার মাধ্যমে খাদ্য প্রদানের বা ফোলিয়ার ফিডিং কৌশলের গুরুত্বটা এখানেই। এই প্রযুক্তির মাধ্যমে মাটির যে কোন সীমাবদ্ধতাকে পাশ কটিয়ে গাছকে দ্রুত পুষ্টি উপাদান সরবরাহ করা যায়। সম্প্রতি অন লাইন থেকে জানতে পারি "If soil pH, water logged soil and alike factors are limiting nutrient uptake by the roots, foliar fertilization is the ultimate plant care step. It is best done, when the roots are not able to absorb soil nutrients".

"১০। ইরি (IRRI, Philippines) ধান চাষে ২-৪ বার মাটিতে ইউরিয়া উপরি প্রয়োগের সুপারিশ করেছে (*http://www.knowledgebank.irri.org/ericeproduction/pop_up_Nitrogen_application.htm*)"

মতামতঃ- ইরি থেকেও পাতার মাধ্যমে ইউরিয়া স্প্রে করে ধান চাষের বিষয়ে কোন সুপারিশ করা হয়নি বলেই জানা যায়। সুতরাং এবিষয়গুলিও আমার উদ্ভাবিত প্রযুক্তির বা সাফল্যের বিষয়ে পজেটিভ ভূমিকা পালন করবে বলে মনে করি। অর্থাৎ ইতোপূর্বে দেশে বিদেশের কোন বিজ্ঞানী স্প্রে প্রযুক্তির মাধ্যমে ৩০-৪০% ইউরিয়া সারের ব্যবহার কমিয়ে ধানের ফলন বৃদ্ধির এমনতর সাফল্য অর্জন করতে সক্ষম হন নাই এমন তথ্যটি ব্রি'র দেয় স্ট্যাটাসের মাধ্যমে আরও জোড়ালো ভাবে প্রতিষ্ঠিত হয়েছে।

১১।"এক টন ধান ও খড় উৎপাদন করতে ১৫-২০ কেজি নাইট্রোজেন ধান গাছকে আহরণ করতে হয়। অর্থাৎ বোরো মৌসুমে হেক্টর প্রতি ছয় টন ফলন পেতে হলে ধান গাছকে ৯০-১২০ কেজি নাইট্রোজেন আহরণ করতে হবে। এ হিসেবে ইউরিয়ার পরিমাণ হবে ১৯৫-২৬০ কেজি। কিন্তু এদেশে ধান চাষে ইউরিয়ার ব্যবহার সক্ষমতা (Nitrogen use-efficiency) শতকরা ৩০-৩৫ ভাগ মাত্র। ফলে ছয় টন ধান উৎপাদন করতে প্রায় ৬০০ কেজি ইউরিয়া প্রয়োগ করতে হবে। কিন্তু মাটি, পানি ও অন্যান্য উৎস হতে পাওয়া যায় প্রায় ৩০০ কেজি এবং আমাদেরকে প্রয়োগ করতে হয় প্রায় ৩০০ কেজি। এই বিপুল পরিমাণ ইউরিয়া সার ৩.৫% হারে স্প্রে করতে হলে ধান গাছের পুরো বৃদ্ধির সময়ের (whole growth period) জন্য ১৭ (সতের) বার স্প্রে করতে হবে। তাছাড়া কেবল মাত্র শেষ কিস্তির ইউরিয়া সার ৩.৫% হারে স্প্রে করতে হলে প্রায় ৬ বার স্প্রে করতে হবে। সর্বোপরি টেকসই মাটির উর্বরতা সংরক্ষণ, উৎপাদন খরচ ও দ্রবণের ঘনত্ব কৃষক পর্যায়ে সঠিক মাত্রায় প্রয়োগ করতে না পারার বিবেচনায় ব্রি মাঠ পর্যায়ে ধান গাছে ইউরিয়া স্প্রে প্রযুক্তি সম্প্রসারণের সুপারিশ করেনি"।

মতামতঃ- এক্ষেত্রে প্রথমেই একটি বিষয় জানা খুব আবশ্যক তা হলো হেক্টরে ৬ মেঃ টন ধান ফলাতে হলে ৩০০ কেজি ইউরিয়ার প্রয়োজন হবে বলে ব্রি'র বিজ্ঞানীদের দেয় তথ্যটির সূত্র কি? কারণ বিএআরসির ফার্টিলাইজার রিকমেনডেশন গাইড-২০১২ এর ৭ নম্বর পাতায় উল্লেখ করা হয়েছে যে, এক হেক্টর জমিতে উচ্চ ফলনশীল জাতের ৭.০ মেঃ টন ধান ফলাতে হলে ১১৬ কেজি নাইট্রোজেন বা ২৫২ কেজি ইউরিয়া সারের প্রয়োজন হবে। (http://www.barcapps.gov. bd/documents/books/Fertilizer% 20Recommendation%20Guide%20-%202012.pdf)

ইউরিয়া সাশ্রয়ী প্রযুক্তিতে কেন ইউরিয়া সারের ব্যবহার কমে যায়? ঃ- এবিষয়ে আমার মতামত নিম্নে উপস্থাপন করলাম। সম্মানিত ধান বিজ্ঞানীসহ সংশ্লিষ্ট সকলকে আমার এ ব্যাখ্যাটি খুব মনোযোগ সহকারে পড়ে দেখার জন্য অনুরোধ করছি। কারণ এবিষয়টির বিতর্ক দীর্ঘ দিন ধরে চলছে এবং এ বিতর্কের একটি সমাধান হওয়া উচিত বলে মনে করি।

উদ্ভাবিত ধান চাষের **ইউরিয়া সাশ্রয়ী স্প্রে প্রযুক্তি বা ম্যাজিক গ্রোথ প্রযুক্তিতে** একটি কৌশল অবলম্বন করা হয়েছে। এক্ষেত্রে মাটিতে অর্ধেক ইউরিয়া প্রদান করে পর্যাপ্ত পাতা তৈরী করে নিয়ে তারপরে স্প্রে মাধ্যমে ১০%-২০% ইউরিয়া প্রদান করা হয়ে থাকে। মাটিতে ইউরিয়া প্রয়োগ করলে তার সর্বাধিক ৩০-৩৫% কার্যকর হয়, পক্ষান্তরে পাতায় প্রয়োগ করলে তার শতকরা ৯০ ভাগের চেয়ে বেশী কার্যকর হয়। এছাড়া

গবেষণা লব্ধ তথ্য থেকে আরও জানা যায় যে, পাতায় এক কেজি নাইট্রোজেন প্রদান করলে তা মাটিতে চার কেজি থেকে ১৫ কেজি পর্যন্ত নাইট্রোজেনকে প্রতিস্থাপন করতে পারে। অর্থাৎ পাতার মাধ্যমে ইউরিয়া প্রয়োগের মাধমে ইউরিয়া সারের কার্যকারিতা (Utilization efficiency) বৃদ্ধির কারণে কম পরিমান ইউরিয়া সারের ব্যবহারের মাধ্যমে ভালোভাবে ধান উৎপাদন করা সম্ভব হয়। **এই প্রযুক্তিতে ইউরিয়া সারের ব্যবহার কমে গেলেও প্রকৃতপক্ষে ধান চাষে প্রয়োজনীয় নাইট্রোজেনের ব্যবহার কমে না। যেমন শুটি ইউরিয়ার ক্ষেত্রে হয়ে থাকে**। চওড়া পাতা বিশিষ্ট বিভিন্ন সজিতে পাতায় ইউরিয়া স্প্রে করলে যে তার সক্ষমতা বৃদ্ধি পায় এবং ভালো ফলাফল দিয়ে থাকে, এবিষয়ে ডিএইর মাঠ পর্যায়ের অধিকাংশ কর্মকর্তাই একমত হবেন বলে আমি মনে করি।

"এই বিপুল পরিমাণ ইউরিয়া সার ৩.৫% হারে স্প্রে করতে হলে ধান গাছের পুরো বৃদ্ধির সময়ের (whole growth period) জন্য ১৭ (সতের) বার স্প্রে করতে হবে। তাছাড়া কেবল মাত্র শেষ কিস্তির ইউরিয়া সার ৩.৫% হারে স্প্রে করতে হলে প্রায় ৬ বার স্প্রে করতে হবে।"

মতামতঃ- এক্ষেত্রে সম্মানিত ব্রি'র বিজ্ঞানীদের বক্তেব্যের মধ্যে স্ব-বিরোধিতা রয়েছে বলে মনে করি। কারণ, ২০০৯ থেকে ২০১২ সালের ৩ বছরে ৬ বারের ধারাবাহিক পরীক্ষাতে এগ্রোনমি বিভাগের ৫ জন বিজ্ঞানী গবেষণা করেছেন। আমন বা বোরো কোন মৌসুমেই তারা ৩ বারের চেয়ে বেশী স্প্রে করা হয়নি। এই পরীক্ষাতে মাত্র তিনবার স্প্রে করে কিভাবে আমনে ৪% এবং বোরোতে ১৭% ইউরিয়া সার সাশ্রয় করা সম্ভব হয়েছিল? আর গবেষণা পত্রের শিরোনাম করা হয়েছে Urea Spraying as an Effective Alternate Method of Nitrogen Management। বিষয়টি পূর্বেই উল্লেখ করা হয়েছে। মাননীয় কৃষি সচিব ড. এস এম নাজমুল ইসলাম মহোদয়ের নির্দেশনা মোতাবেক ২০১৩-১৪ বোরো মৌসুমে গাজীপুরে ব্রি এর বিভিন্ন বিভাগের ৬ জন বিজ্ঞানী মিলে যে গবেষণাটি করেছি সেখানে আমরা ২.১% থেকে ৩.১৫% ঘনত্বে তিনবার ইউরিয়া স্প্রে করেছি। এই পরীক্ষাতেও দেখা গেছে যে, ৫০%-৬০% মাটিতে ইউরিয়া প্রয়োগ করে পাতায় ১০% থেকে ১৫% ইউরিয়া স্প্রে করে প্রয়োগের মাধ্যমে বেশী ধান উৎপাদন করা যায়। এই পরীক্ষার সাথে সম্পৃক্ত ছিলেন মিসেস সালমা পারভীন এস এস ও প্লান্ট ফিজিওলজি বিভাগ। তিনি সময়ে সময়ে ধানের গাছ/পাতা কেটে নিয়ে গিয়ে বিভিন্ন পরীক্ষা করতেন। তাঁর সাথে আলোচনায় জানা যায় যে, গাছের বৃদ্ধি এবং ফটোসেনথিসিস এর ক্ষেত্রে তিনি সিগনিফিকেন্ট কোন পরিবর্তন পাননি। এর অর্থই হলো পাতায় ইউরিয়া স্প্রে সংক্রান্ত ম্যাজিক গ্রোথ প্রযুক্তিতে মাটিতে দুইবারে ৫০% ইউরিয়া প্রদান করে পাতায় ২.১% ঘনত্বে ইউরিয়া এবং এর সাথে ১.০% ঘনত্বে পটাশ সার এবং প্রতিলিটার পানিতে ২.০ মিলি ম্যাজিক গ্রোথ মিশিয়ে হেক্টরে তিনবারে ১২০০ লিটার দ্রবণ ব্যবহার করে ধান চাষ করা সম্ভব। এই ট্রিটমেন্টে দেখা গেছে যে হেক্টরে প্রায় ১০১ কেজি (৪০%) ইউরিয়া সাশ্রয় করেও ২০৮ কেজি ধান বেশী উৎপাদিত হয়েছে। একই ধরণের আর একটি ট্রিটমেন্টে দেখা গেছে মাটিতে দুইবারে ৬০% ইউরিয়া প্রদান করে পাতায় ১০% ইউরিয়া স্প্রের মাধ্যমে প্রদান করার কারণে হেক্টরে প্রায় ৭৬ কেজি ইউরিয়া সাশ্রয় করেও ৩১৬ কেজি বেশী ধান ফলানো সম্ভব হয়েছে। **আর ১৯৭৪-৭৫ সালের গবেষণাতে কতবার স্প্রে করা হয়েছিল বিষয়টি জানা প্রয়োজন। কারণ এ গবেষণাতে মাটিতে ৩০ কেজি নাইট্রোজেন প্রদান করে পাতায় স্প্রের মধ্যেমে ৩০ কেজি নাইট্রোজেন প্রদান করে ধান চাষ করা সম্ভব হয়েছিল বলে এ স্ট্যাটাস থেকে জানা যায়।**

নীচে একটি হিসাব উপস্থাপন করছি। আমি এ হিসাবে দেখাতে চেষ্টা করব যে ব্রি'র সম্মানিত বিজ্ঞানী মহোদয়দের হিসাব মতে শেষ কিস্তির সমুদয় ইউরিয়া পাতায় প্রদান করতে ৬ বার স্প্রে করলে কি ঘটনা ঘটবে।

মনে করি, ব্রি'র দেয় তথ্য মতে ধান চাষে সর্বমোট ইউরিয়া প্রয়োজন হবে ৩০০ কেজি।

সর্বমোট ইউরিয়া দেওয়া হলো= মাটিতে ২০০ কেজি এবং পাতায় ১০০কেজি।

আমেরিকার মিসিগান স্টেট ইউনিভারসিটির তথ্য অনুযায়ী আমরা জানি পাতায় সার প্রয়োগ করলে তার ৯০% কার্যকর হয়, (When fertilizers are foliar applied, more that 90% of the fertilizer is utilized by the plant. When a similar amount is applied to the soil, only 10 percent of it is utilized.) আর একটি বৈজ্ঞানিক তথ্য হলো পাতায় এক কেজি ইউরিয়া প্রদান করলে তা মাটিতে ৪ কেজি বা কোন কোন বিজ্ঞানীর মতে ১০-১৫ কেজি প্রদানের সমান কাজ করে। এখন যদি মনে করি পাতায় প্রয়োগকৃত ইউরিয়ার ৭০% পাতায় পরেছে এবং ৩০% মাটিতে পরেছে তবে দেখা যাবে পাতায় যে ৭০% পাতায় পরেছে তা মাটিতে ২৮০ কেজি (কার্যকারিতা ৪ গুন বেশী ধরলে) প্রয়োগের সমান কাজ করবে এবং মাটির ৩০% ইউরিয়া= ৩০ কেজি। অর্থাৎ মাটিতে (২০০+২৮০+৩০)= ৫১০ কেজি প্রয়োগের সমপরিমান কাজ করবে। তাহলে শেষে দেখা যাবে যে ধান চাষে অতিমাত্রায় নাইট্রোজেন প্রয়োগ হয়ে গেছে ফলে ধান গাছ লজিং হয়ে যাবে এবং চিটার ভাগ বেশী বা পোকার আক্রমন বেশী হয়ে ধানের ফলন কমে যাবে। আর ১৭ বার স্প্রের বিষয়টি হিসাব করলে যে কি ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে আশা করি ব্রি কর্তৃপক্ষ/বিজ্ঞানীগণ অনুধাবন করতে পারবেন। **এবিষয়ে ২০০৯-১০ সালের ব্রি এর এগ্রোনমি বিভাগের সিএসও এবং প্রধান জনাব ড. মোঃ আব্দুল মজিদ মহোদয়ের মতামত নেওয়া যেতে পারে।**

<u>শুধু শেষ কিস্তির ৩৩.৩৩% ইউরিয়া প্রদান করতে কতবার স্প্রে করার প্রয়োজন হবেঃ-</u> শেষ কিস্তির প্রয়োজনীয় ইউরিয়া প্রদান করতে হলে আমার উদ্ভাবতি প্রযুক্তিতে ২টি স্প্রেই যথেষ্ট বলে বলে মনে করি। এমন ক্ষেত্রে অর্থাৎ ব্রিধান-২৯ এর ক্ষেত্রে এক হেক্টর জমির ধান চাষে ৩০০ কেজি ইউরিয়া প্রয়োজন হলে প্রতি লিটার পানিতে ৫০.০ গ্রাম ইউরিয়া এবং ১২.২৫ গ্রাম এমওপি মিশিয়ে এক হেক্টরে একবার স্প্রের জন্য ৩৬০ লিটার দ্রবণ/মিশ্রণ গাছের বয়স ৫০-৫৫ এবং ৬০-৭৫ দিনের সময় খুব সকালে বা বিকালে স্প্রের মাধ্যমে প্রয়োগ করতে হবে। ব্রিধান ২৮ এর ক্ষেত্রে প্রতি লিটার পানিতে ইউরিয়া এবং পাটাশ মিশাতে হবে যথাক্রমে ৪০.০ গ্রাম এবং ১২.২৫ গ্রাম এবং স্প্রে করতে হবে ৪৫-৫০ দিন এবং ৫৫-৬০ দিনের সময়ে। তবে স্প্রে'র সময়টি গাছের পাতার রং দেখে কিছু আগে বা পিছে হতে পারে। **আসন্ন বোরো মৌসুমে বিষয়টি পরীক্ষা করে দেখার জন্য অনুরোধ করছি।**

আবার ব্রি'র পাবলিকেশন থেকেই জানা যায়, বোরো মৌসুমে ৬৬% ইউরিয়া ২ বারে মাটিতে প্রদান করে ৪.৫% ঘনত্বে ২ বার স্প্রে মাধ্যমে (হেক্টরে ৪৫ কেজি) প্রদান করলে ১৭% ইউরিয়া সারের ব্যবহার ব্যবহার কমিয়েও ধান চাষ করা সম্ভব। (নীচের পরীক্ষার ৫ নং ট্রিটমেন্টে বিষয়টি দেখা যাচ্ছে)। এভাবে ধান চাষের ক্ষেত্রে হেক্টরে ৩০০ কেজি ধানের ফলনও বেশী হয়েছে।

আমি ধান চাষে ইউরিয়া স্প্রে সংক্রান্ত ম্যাজিক গ্রোথ প্রযুক্তির বিষয়টি ২০১০ সালে প্রথম ব্রিকে জানালেও ব্রি কর্তৃপক্ষ আমলে নেন নাই। পরবর্তীতে ব্রি'র গবেষকদের পরীক্ষাতেই প্রমাণিত হয়েছে যে, ধান চাষে কিছু ইউরিয়া মাটিতে এবং কিছু ইউরিয়া পাতায় প্রদানের মাধ্যমে ধান গাছের প্রয়োজনীয় নাইট্রোজেনের যোগান দেওয়া সম্ভব। পরীক্ষা সম্পাদনকারী এগ্রোনমি বিভাগের বিজ্ঞানীরা পাতার মাধ্যমে নাইট্রোজেন প্রদানের বিষয়টিকে কার্যকর এবং বিকল্প পদ্ধতি বলে উল্লেখ করেছেন। তা আগেই উল্লেখ করেছি।

ম্যাজিক গ্রোথ প্রযুক্তির বিষয়ে প্রথম পরীক্ষার ফলাফলটি এতটাই অসঙ্গতিপূর্ণ ছিল যে এ বিষয়ে কৃষিবিদ ড. এম এ হামিদ মিয়া মহোদয় মন্তব্য করেন "---the report from brri did not seem to be neutral which is quite understandable."

২০১৩-১৪ মৌসুমে মাননীয় কৃষি সচিব মহোদয়ের নির্দেশনা মোতাবেক ব্রি গাজীপুর খামারে বিভিন্ন বিভাগের ৬ জন বিজ্ঞানীর সাথে ধান চাষের ম্যাজিক গ্রোথ প্রযুক্তির বিষয়টি পরীক্ষা করে দেখা গেছে যে, ৩০-৪০% ইউরিয়া সাশ্রয় করেও কিছু বেশী ধান উৎপাদন করা সম্ভব হয়েছে। অথচ ব্রি কর্তৃপক্ষ ২০১৫ সালে এ বিষয়ে

একটি পালিকেশন করা হয়েছে যার শিরোনাম করা হয়েছে "Magic Growth produced zero effect on rice yield."

ব্রি কর্তৃপক্ষ প্রতিক্ষেত্রেই সম্মানিত নীতিনির্ধারক পর্যায়কে আমার উদ্ভাবন সংক্রান্ত বিষয়ে বিভ্রান্তিকর তথ্য উপস্থাপন করেছেন। আশা করি আমার উপস্থাপিত তথ্যের মাধ্যমে সে বিষয়টি পরিস্কার হবে।

ধান গাছের পাতার মাধ্যমে ইউরিয়া প্রদান করে লাভজনক ভাবে ধান চাষ করা সম্ভব তার শতশত প্রমাণ আমার কাছে রয়েছে। কারণ প্রযুক্তিটি প্রয়োগে চাষির বাড়তি কোন খরচের প্রয়োজন হয় না। চাষি তার ফসলের সুরক্ষার জন্য যে কীটনাশক বা ছত্রাকনাশক স্প্রে কওে তার সাথেই প্রযুক্তিটি সমন্বয় করে প্রয়োগ করতে পারে। আমি মনে করি আমার উদ্ভাবিত প্রযুক্তির সাফল্যের বিষয়টিতে আধুনিক বিজ্ঞানের তথ্যের আলোকে সঠিক সময়ে সুনিয়ন্ত্রিত এবং জুডিশিয়াল ভাবে ইউরিয়া প্রয়োগ করা হয়েছে যে কারণে ধান চাষে মাটিতে এবং পাতায় প্রয়োগকৃত ইউরিয়ার সর্বাধিক কার্যকারিতা (Maximum utilization efficiency) নিশ্চিত হচ্ছে বলে (পাতায় ইউরিয়া প্রদান করলে তার ৯০% এর চেয়ে বেশী কাজ করে এবং ১ কেজি ইউরিয়া পাতায় প্রদান করতে তা মাটির ৪ কেজি/১০-১৫ কেজি ইউরিয়াকে প্রতিস্থাপন করে) ধান গাছের প্রয়োজনীয় নাইট্রোজেনের যোগান নিশ্চিত হচ্ছে। ইতোপূর্বে এ বিষয়ে যে সকল পরীক্ষা সম্পাদন করা হয়েছে তার প্রতি ক্ষেত্রে শুধুমাত্র ইউরিয়া প্রয়োগ করা হয়েছে। কিন্তু আমার উদ্ভাবিত প্রযুক্তির ক্ষেত্রে ইউরিয়ার সাথে পটাশ এবং অন্যান্য সকল পুষ্টি উপাদান (ম্যাজিক গ্রোথ প্রযুক্তি) এবং সালফার, জিঙ্ক এবং বোরণ (ইউরিয়া সাশ্রয়ী স্প্রে প্রযুক্তি) এর সমন্বয়ে স্প্রে করছি। যে কারণে বর্তমান সময়ে চাষির মাঠের মাটির স্বাস্থ্যগত অবস্থার জন্য এত ভালো ফলাফল হচ্ছে। আসলে বিজ্ঞান তো এটাই যা আজ সত্য নয়, তা কার্যকর গবেষণার মাধ্যমে আগামীতে সত্য বলে প্রমাণিত হয়।

"টেকসই মাটির উর্বরতা সংরক্ষণ, উৎপাদন খরচ এবং দ্রবণের ঘনত্ব কৃষক পর্যায়ে সঠিক মাত্রায় প্রয়োগ করতে না পারার বিবেচনায় ব্রি মাঠ পর্যায়ে ধান গাছে ইউরিয়া স্প্রে প্রযুক্তি সম্প্রসারণের সুপারিশ করেনি।"

<u>মতামতঃ</u>-ব্রি এর পক্ষ থেকে "মাটির টেকসই উর্বরতা সংরক্ষণ" যে বিষয়টি উপস্থাপন করেছেন সে বিষয়টি বর্তমান সময়ে বালাদেশের কৃষি ক্ষেত্রে সবচাইতে গুরুত্বপূর্ণ বিষয় এবং এর ব্যাপকতাও অনেক বলে মনে করি। কারণ আমাদের মাটি যদি ঠিক না থাকে বা তার উর্বরতা শক্তি হারিয়ে ফেলে তবে আমাদের ভবিষ্যত খাদ্য নিরাপত্তার বিষয়টি কিসের উপরে ভর করে দাঁড়াবে? ধন্যবাদ ব্রি কর্তৃপক্ষকে এমন সুন্দর একটি তথ্য সামনে নিয়ে আসার জন্য। আমি আমার সীমিত জ্ঞানের আলোকে এ বিষয়ে কিছু উপস্থাপন করার চেষ্টা করছি।

১) **মাটির পুষ্টি উপাদানঃ-** ব্রি এর মৃত্তিকা বিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা এবং প্রধান জনাব ড. এস কে জামান মহোদয়ের একটি তথ্য থেকে জানা যায় ১৯৬৭ থেকে ১৯৯৫ সাল পর্যন্ত সময়ের মধ্যে আমাদের দেশের মাটির মোট নাইট্রোজেনের পরিমান কমেছে ৩১%, মোট কার্বন কমেছে ১১% এবং গ্রহণযোগ্য ফসফেট কমেছে ৯%। সুতরাং পরবর্তী ১৮ বছরে এ তথ্য আরও অনেক বেশী হবে বলে মনে করি। কারণ এসময়ে উচ্চফলনশীল ফসল চাষের নিবিড়তা অনেক বৃদ্ধি পেয়েছে।

২) **ব্যবহৃত রাসায়নিক সারঃ-**দেশে বর্তমান সময়ে ফসল উৎপাদনে যে ১৭টি রাসায়নিক সার ব্যবহার করা হচ্ছে তার মধ্যে ইউরিয়া নয় এমন ১৫টি সারেই ভেজাল রয়েছে। গড় ভেজালের হার ৪৫% এবং সর্বাধিক ভেজাল রয়েছে অনুপুষ্টি সার জিঙ্ক সালফেটে এবং মিশ্র সারে ৮০%। একারণে রাসায়নিক সার প্রয়োগ করলেও তা গাছের জন্য প্রয়োজনীয় পুষ্টি যোগোতে ব্যর্থ হয়। ভেজাল সারে ক্ষতিকর উপাদানের উপস্থিতি মাটির স্বাস্থ্যের জন্য আরও ক্ষতিকর। এমন ভেজাল সার প্রয়োগ করে কাংখিত কার্যকারিতা না পাবার কারণে চাষি আরও অধিক পরিমান সার ব্যবহার করে থাকে যা মাটি এবং পরিবেশের জন্য আরও ক্ষতির কারণ হয়ে দাঁড়ায়।

৩) **মাটির অনুজীবঃ-** কীটনাশকের অধিক ব্যবহার এবং জৈব সার ব্যবহার না করে কেবল রাসায়নিক রাসায়নিক সারের ব্যবহারের মাধ্যমে ফসল চাষ করতে গিয়ে আমাদের জমিতে অনুজীব এবং কেঁচোর আশংকাজনক ভাবে কমে গেছে। অনুজীবের কারণে ব্যবহৃত ইউরিয়া পূর্ণমাত্রায় গাছের জন্য গ্রহণোপযোগী হতে বাধাগ্রস্থ হয়।

৪) **মাটির পিএইচঃ-** অধিক রাসায়নিক সার বিশেষ করে বেশী পরিমান ইউরিয়া সার ব্যবহারের কারণে মাটির অম্লতা বৃদ্ধি পাচ্ছে। এছাড়া ইউরিয়া সারের কারণে পানিতে অক্সিজেনের পরিমান কমে যাচ্ছে বলে জলজ জীববৈচিত্র হুমকীর মধ্যে পড়ছে (ভারতীয় বিজ্ঞানীদের তথ্য)। মাটির পি এইচ ৫.৫ এর নীচে আসলেই জমিতে প্রয়োগকৃত নাইট্রোজেনের গ্রহণ যোগ্যতাও কমে যায়।

এমন আরও অনেক প্রতিকূলতা যেমন পানি স্বল্পতা, তীব্রশীত, বন্য, খরা, ঝড়, জলাবদ্ধতা প্রভৃতি রয়েছে যা মোকাবেলা করে আমাদেরকে এগিয়ে যেতে হচ্ছে। বর্তমান সময় পর্যন্ত আমরা সঠিক ভাবেই আগাতে পেরেছি বলেই আমরা ধান উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ এবং বির্শে ৪র্থসহ কৃষির এই সাফল্য। এক্ষেত্রে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট নিঃসন্দেহে যুগান্তকারী ভূমিকা পালন করেছে। তবে আমাদের আগামীর খাদ্য নিরাপত্তা বিষয়টি আজ সবচেয়ে বড় চিন্তার বিষয়। জমি কমে যাচ্ছে বছরে প্রায় ১% হারে এবং জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে বছরে ২২ লক্ষ হারে। সুতরাং চ্যালেঞ্জটা অবশ্যই একটু বড় বলেই মনে করি। বর্তমান সময়ে আমরা প্রধানত নতুন নতুন জাত উদ্ভাবনের মাধ্যমে কেবল খাদ্য নিরাপত্তার বিষয়টি নিয়ে একটু বেশী চিন্তা করছি। আজ মাঠের দিকে দেখলে দেখা যায় ব্রি অনুমোদিত ৮০টি জাতের মধ্যে ১৫-২০ টি জাত মাঠ পর্যায়ে রয়েছে। আমন মৌসুমে উচ্চফলনশীল জনপ্রিয় বিআর-১১ এবং বোরো মৌসুমের উচ্চ ফলনশীল ব্রিধান-২৮ এবং ব্রিধান-২৯ এর চেয়ে বেশী ফলনশীল কোন জাত চাষি পর্যায়ে সম্প্রসার বা জনপ্রিয় করা এখনও সেভাবে সম্ভব হয়নি। এখন যে সকল জাত উদ্ভাবিত হচ্ছে তার ক্ষেত্রে ফলনের চেয়ে অন্যান্য গুনাবলী বেশী প্রাধান্য পাচ্ছে। আমার যে গবেষণার বিষয় তা হলো মূলত ফোলিয়ার ফিডিং কৌশল নিয়ে। ধান চাষের ইউরিয়া সাশ্রয়ী স্প্রে প্রযুক্তি বা ম্যাজিক গ্রোথ প্রযুক্তিটি বাড়তি একটি উদ্ভাবন। ভারতের *i-Kishan* অয়েব সাইট থেকে জানা যায় যে অন্ধ্র প্রদেশ এবং তামিলনাড়ুতে ধান গাছের উপরে অতিরিক্ত পরিপূরক খাদ্য হিসাবে মিশ্র তরল সার ব্যবহার করার কারণে ধানের ফলন ১০% বৃদ্ধি করা সম্ভব হয়েছে । তা হলে আমরা যদি আমাদের দেশের কৃষিতে বা ধান চাষে অতিরিক্ত পরিপূরক খাদ্য হিসাবে মিশ্র তরল সার প্রয়োগের বিষয়েও সুপারিশ করার চিন্তা করি তাহলে এখনই সকল জাতের ধানের ফলন বৃদ্ধি করা সম্ভব, ফলে ফলন পার্থক্য (Yield gap) কমে আসবে । এ ক্ষেত্রে আমার উদ্ভাবিত মিশ্র তরল সার ম্যাজিক গ্রোথ নয়, প্রয়োজনে বিদেশ থেকে ভালো ভালো ব্রান্ডের তরল সার আমদানী করার মাধ্যমে একাজ করা যেতে পারে। যে ভেজালের আশংকাতে তরল সার আমদানী বন্ধ করা হয়েছে সেক্ষেত্রে বিএডিসিকে সম্পৃক্ত করা যেতে পারে। যেমন নন ইউরিয়া সার আমদানীর মাধ্যমে দেশে সার বিপণন ব্যবস্থাপনার অস্থিরতা সুন্দর ভাবে কাটোনো সম্ভব হয়েছে। পাতার মাধ্যমে তরল আকারে বিভিন্ন পুষ্টি উপাদান প্রয়োগ করলে তা গাছের জন্য হেল্‌থ ড্রিঙ্কসের (হরলিক্স, বুষ্ট, নিডো এবং কমপ্লান) মত কাজ করে থাকে, ফলে গাছ মাটির কিছু সীমাবদ্ধতাকে পাশ কাটিয়ে পুষ্টি উপাদান নিয়ে সুস্থ সবলভাবে বেড়ে উঠবে এবং বেশী ফলন দিবে।

প্রকৃতপক্ষে, এদেশে ধানসহ বিভিন্ন ফসলে মিশ্র তরল সার অতিরিক্ত পরিপূরক খাদ্য (Additional supplemental food) হিসাবে ব্যবহারের জন্য তৎকালীন সম্মানিত নীতিনির্ধারক এবং গবেষকেরা ১৯৯৭ সালে সূচনা করেন। সে মোতাবেক বিদেশ থেকে মিশ্র তরল সার আমদানীর মাধ্যমে তা চালু করা হয়। আমি অনেক ধান চাষিকে দেখেছি যে তার ধান ফসল ভালো করার জন্য **ভক্সাল সুপার** নামক জার্মানীর তৈরী তরল সার ব্যবহার করেছেন। দেশে অধিকাংশ সব্জি এবং ফল চাষিরা এ তরল সারটি ব্যবহার করত এবং দেশে ১৬ বছর যাবত সর্বাধিক পরিমানে ব্যবহৃত হয়েছে। কিন্তু ২০১৩ সালে এসে ভেজালের আশংকাতে তরল সার

আমদানী না কারার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং সার ব্যবস্থাপনার আইন-২০০৬ এ তরল সার ব্যবহার সংক্রান্ত বিষয়ে নির্দেশনা না থাকায় (?) দেশে তরল সারের উৎপাদন করা যাবে না বলে সার বিষয়ক কারিগরি উপ কমিটির ১/৪/১৩ তারিখের ৩৫ তম সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। অর্থাৎ পাতার মাধ্যমে খাদ্য প্রদান সংক্রান্ত **ফোলিয়ার ফিডিং প্রযুক্তিটি** দেশে দীর্ঘ ১৬ বছর চালু থাকার পরে একপ্রকার বন্ধ হয়েছে। আমি মনে করি ফোলিয়ার ফিডিং কৌশলের সম্পৃক্ততায় ধান উৎপাদনে উৎসাহ প্রদান করলে খাদ্য নিরাপত্তার বিষয়টি আরও সুদৃঢ় হবে। **আমার উদ্ভাবিত ইউরিয়া স্প্রে প্রযুক্তিটি ব্যবহার করলে তা মাটিতে শতকরা ৪০-৫০% ইউরিয়ার ব্যবহার হ্রাস করবে ফলে তা মাটির স্বাস্থ্য সুরক্ষার বিষয়টি যেমন অধিকতর কার্যকর হবে তেমন প্রকৃতি এবং পরিবেশের জন্য অনেক বড় ধরণের সুফল বয়ে আনতে পারে। ফোলিয়ার ফিডিং প্রযুক্তিটি প্রয়োগে মাটির উর্বরতাজনিত যদি কোন সমস্য সৃষ্টি হতো তা হলে উন্নত বিশ্ব অবশ্যই তাদের কৃষিতে ফোলিয়ার ফিডিং প্রযুক্তিটি এভাবে সম্পৃক্ত করতো না। আর দেশে বিদেশে বহু গবেষক স্প্রে করে ধান চাষের বিষয়ে গবেষণা করে বিষয়টি বানিজ্যিক ভাবে লাভজনক করা যায় কিনা সে বিষয়ে চেষ্টা করেতেন না। সুতরাং ৩০-৩৫% ইউরিয়া সাশ্রয় করে ১০% পর্যন্ত বেশী ধান উৎপাদনের মাঠ পর্যায়ের একটি সহজ, লাগসই এবং লাভজনক প্রযুক্তি উদ্ভাবনের পরেও প্রযুক্তিটি মাঠ পর্যায়ে সম্প্রসারণে "টেকসই মাটির উর্বরতা সংরক্ষণ" সংক্রান্ত বিষয়টি সামনে নিয়ে আসা কতটা যৌক্তিক তা সংশ্লিষ্ট সকলে বিবেচনাতে আনবেন এটা প্রত্যাশা করছি। কারণ, ব্রি কর্তৃপক্ষ এমন গবেষণাটি এখনও চালু রেখেছেন বলে ফেসবুক স্ট্যাটাসে জানিয়েছেন। সুতরাং "টেকসই মাটির উর্বরতা সরক্ষণ" সংক্রান্ত কোন সমস্যা যদি বিবেচনা করতেন তবে নিশ্চিত ভাবেই ব্রি কর্তৃপক্ষ বিষয়টিকে নিয়ে আর কোন পরীক্ষা করতে না বলে মনে করি। আর একটি কথা, এ দেশে বিদেশ থেকে তরল সার নিয়ে এসে অতিরিক্ত পরিপূরক হিসাবে ব্যবহারের জন্য ১৯৯৭ সালে অনুমাদন প্রদান করা হয়েছিল। ২০১৩ সালে তরল সার আমদানী নিষিদ্ধ করা হয়েছে ভেজালের আশংকাতে, মাটির উর্বরতা সংরক্ষণজনিত কারণে নয়। আমি এবিষয়ে দেশের প্রথিতযশা অবসরপ্রাপ্ত কৃষি/মৃত্তিকা বিজ্ঞানীসহ নীতিনির্ধারক পর্যায়ের দৃষ্টি আকর্ষণ করছি।**

স্প্রে প্রযুক্তির মাধ্যমে ধানের উৎপাদন খরচঃ- ইউরিয়া স্প্রের মাধ্যমে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে এক হেক্টর জমিতে ধান চাষে ১০,০০০ লিটার দ্রবণ ব্যবহার করার কারণে শ্রমিক খরচ যেমন বেশী হয়েছে। সাথে সাথে এত বেশী পরিমান পানি স্প্রে করে ধান চাষ সম্প্রসারণ করা বিষয়ে চাষিকে আগ্রহী করা সম্ভবও হবে না। মাঠ পর্যায়ে চাষিরা আমার উদ্ভাবিত প্রযুক্তি ব্যবহার করে ২ থেকে ৩ বার স্প্রে করতে হেক্টরে ৭২০ থেকে ১০৭৫ লিটার দ্রবণ/পানি ব্যবহার করে। ব্রি'র গবেষণাতে স্প্রেটি আলাদাভাবে করা হয়েছে ফলে স্প্রের জন্য বাড়তি খরচ হয়েছে এছাড়া ফলন বৃদ্ধি পায়নি। আর আমার উদ্ভাবনের ক্ষেত্রে স্প্রে দ্রবণটি বিভিন্ন বালাইনাশকের সাথে সমন্বয় করে দেবার কারণে প্রকৃতপক্ষে স্প্রে করে ইউরিয়া প্রয়োগের জন্য তেমন বাড়তি কোন খরচই হয় না। মাঠ পর্যায়ে এই প্রযুক্তি ব্যবহারে ধানের ফলন বিঘাতে ৩ মন পর্যন্ত বৃদ্ধি পায় এবং ধানের রং বেশী উজ্জ্বল থাকার কারণে চাষি মন হিসাবে ২০-৩০ টাকা বেশী পেয়ে থাকেন এবং ধান দ্রুত বিক্রয় করতে পারেন বলে অধিকাংশ চাষি জানান। বিএডিসির উত্তরাঞ্চলের দিনাজপুর এবং ঠাকুরগাঁও জেলার অম্লধর্মী এবং বেলে দোঁয়াস মাটিতে প্রযুক্তিটি প্রয়োগ করার কারণে চাষিরা এতটা সুফল পেয়েছে যে অনেক চাষি তাদের বীজ উৎপাদনে স্বপ্রণোদিত ভাবেই স্প্রে প্রযুক্তি প্রয়োগ করছেন (ইউরিয়া সাশ্রয়ী স্প্রে প্রযুক্তি)। স্প্রে প্রযুক্তিতে সঠিক ভাবে পুষ্টি প্রদানের মাধ্যমে যে বীজ উৎপাদন করা হবে তার পুষ্টিমান ভালো থাকার কারণে সে বীজের উৎপাদনশীলাতাও বেশী হবে এটা বিজ্ঞানের তথ্য। বিভিন্ন বীজ উৎপাদক প্রতিষ্ঠানের জন্য প্রযুক্তিটি খুবই কার্যকর হবে। সুতরাং প্রযুক্তিটা যে লাভজনক হবে তা আর বলার অবকাশ রাখে না।

<u>দ্রবণের ঘনত্ব কৃষক পর্যায়ে ঠিক রাখা সংক্রান্তঃ-</u> আসলে আজকের এই ডিজিটাল যুগে আমাদের কৃষকরাও ডিজিটাল অবস্থায় রয়েছে। বর্তমান কৃষিবান্ধব সরকারও চাচ্ছেন যে, সকল কৃষক ডিজিটাল সেবার আওতায় আসুক। আজ দেশে অধিকাংশ চাষি মোবাইল ফোন ব্যবহার করছে, স্মাট কার্ড ব্যবহার করছে, তারা মোবাইল

ব্যাংকিংয়ের সাথে সম্পৃক্ত, তারা টিস্যুকালচার প্রযুক্তির সাথে সম্পৃক্ত, ডিএইর মাঠপর্যায়ের কর্মকর্তার সাথে প্রতিটি কৃষকের নিবিড় যোগাযোগ রয়েছে, ডিএইর বিভিন্ন প্রজেক্টের আওতায় ফার্মার্স ট্রেইনারদের মাধ্যমে বা কৃষক মাঠ স্কুল প্রতিষ্ঠার মাধ্যমে সারা দেশের চাষিদের মাঝে প্রযুক্তি ছড়িয়ে দেওয়া হচ্ছে। সুতরাং আজকে এমন একটা কার্যকর ইউরিয়া সাশ্রয়ী প্রযুক্তি মাঠ পর্যায়ে সম্প্রসারণ লাভজনক হবে কিনা বা চাষি স্প্রে দ্রবণের ঘনত্ব ঠিক রাখতে পারবে কিনা সে যুক্তি দেখিয়ে মাঠ পর্যায়ে সম্প্রসারণ থেকে বিরত থাকা কতটুকু যুক্তিসংগত তা প্রশ্ন সাপেক্ষ। **কারণ, ব্রি কর্তৃপক্ষের লেখার মাধ্যমে একটি বিষয় পরিস্কার হয়েছে যে, ধান চাষে পাতার মাধ্যমে ইউরিয়া প্রদান করে ধান চাষ করা সম্ভব। আমার সাধারণ জ্ঞানের প্রশ্নঃ- বর্তমান সময়ে এ প্রযুক্তিটি যদি পার্শ্ববর্তীদেশ ভারত সরকার তাদের দেশের কৃষিতে সম্পৃক্ত করে থাকেন তবে আমাদের দেশে সমস্যা কোথায়? আর ভারতের চাষিরা দ্রবণের ঘনত্ব ঠিক রাখতে পারলে আমাদের দেশের চাষিরা পারবে না কেন?** কোন চাষি প্রযুক্তিটি বাস্তবায়ন করবে কি করবে না সেটা তাঁর একান্ত ব্যক্তিগত বিষয়। তবে কি আমরা তাদেরকে এ তথ্যটি জানিয়ে দিতে পারি না? তারা যদি এমন তথ্য জানতে পারেন যে ধান গাছে পাতার মাধ্যমে কার্যকর ভাবে ইউরিয়া প্রয়োগ করা যায়, তাহলে স্বাভাবিক সময়ে না হোক অন্তত সংকটকালীন সময়ে তো তাদের ধানের জমিতে সঠিক সময়ে নাইট্রোজেনের যোগান নিশ্চিত করে ফলন বিপর্যয়ের হাত থেকে তাদের ফসলকে রক্ষা করতে পারবেন। আমরা বলে থাকি চাষিরাই সবচেয়ে বড় বিজ্ঞানী। আমি মনে করি এমন একটি তথ্য চাষিদেরকে জানিয়ে দিলে তারা নিজেরাই অভিজ্ঞতার আলোকে বিভিন্ন ফসলে সম্প্রসারণ করে ইউরিয়া সারের ব্যবহার কমিয়ে দিতে পারবেন। যেমন ঠাকুরগাঁও জেলার জনাব মোঃ মকবুল হোসেন (০১৭১২-৩৯৯২২০) নামক চাষিকে ২০১৩ সালে ধান চাষের পদ্ধতি বলে দিয়েছিলাম এবং শুধু ধারণা দিয়েছিলাম যে এটা আলুতেও করা যাবে এবং একবার ইউরিয়া ও পটাশের পরিমান বলে দিয়েছিলাম। তিনি ধানে ভালো ফলাফল পেয়ে আলুতে প্রযুক্তিটা প্রয়োগ করে আশাতীত ভালো ফলাফল পেয়েছেন। এবছওে তিনি নিজে ৩ বিঘা জমিতে প্রয়োগ করেছেন এবং আশেপাশের এলাকার চাষিরা ৬০-৭০ বিঘা জমিতে করেছে বলে জানান। ঝিনাইদহের মহেষপুর উপজেলার চাষি জনাব কবির শেখ (০১৭১২-৮২১৩৬২) বিগত চার বছর যাব আলু চাষে ইউরিয়া সাশ্রয়ী স্প্রে প্রযক্তিটি ব্যবহার করছেন। এবছরে তিনি নিজে ৯০ বিঘা জমিতে প্রযুক্তিটি ব্যবহার করেছেন এবং তার এলাকাসহ দেশের অন্যান্য এলাকাতে প্রযুক্তিটি সম্প্রসারণ করছেন বলে জানান। কারণ তিনি একজন বীজ উৎপাদক চাষি।তিনি যাদেও কাছে বীজ বিক্রয় করেন তাদেরকে এই পদ্ধতিতে আলু চাষে পরামর্শ প্রদান করেন।

প্রযুক্তিটি কি আসলেই কঠিন?ঃ- মাঠ পর্যায়ে ধান চাষে জমি তৈরীর সময় জাত ভেদে শেষে চাষে অন্যান্য সকল সারের সাথে মোট প্রয়োজনীয় ইউরিয়া সারের শতকরা ১০-২০% এবং চারা রোপণের ১৫-২০ দিন সময়ে শতকরা ৩০-৪০% ইউরিয়া মাটিতে উপরি প্রয়োগ করে ধান গাছের পর্যাপ্ত কুশি/ পাতা তৈরী করে নিতে হবে । প্রথম স্প্রে করতে হবে চারা রোপণের ৩০-৩৫ দিন সময়ে, দ্বিতীয় স্প্রে করতে হবে ৪৫-৫০ দিন সময়ে এবং তৃতীয় স্প্রে করতে হবে ৬০-৬৫ দিন সময়ে। (জাত ভেদে স্প্রের সময়টি এমন ভাবে নির্ধারণ করে নিতে হবে যেন ধানের শীষ বের হবার ৫-৭ দিন আগে শেষ স্প্রে হয়ে যায়) । স্প্রে দ্রবণ তৈরী করতে ১৬ লিটারের একটি স্প্রে মেশিনে ৬০০-৮০০ গ্রাম ইউরিয়া, ২০০ গ্রাম এমওপি সার, ১৬ গ্রাম থিওভিট বা কুমুলাস, ৫ গ্রাম(চা চামচের ১ চামচ) চিলেটেড জিঙ্ক এবং ৫ গ্রাম লিবরেল বোরণ পানির সাথে মিশিয়ে ১১ শতক জমিতে খুব সকালে বা বিকালে স্প্রে করতে হবে। এই বিষয়টির মধ্যে কতটুকু জটিলতা রয়েছে? আর হ্যাঁ, আমাদের দেশের প্রায় অধিকাংশ চাষির বাড়িতে স্প্রে মেশিন রয়েছে। তারা বিভিন্ন ধরণের কীটনাশক, পিজিআর বা বালাইনাশক তাদের ফসলে স্প্রে করে থাকে। তাদের জন্য এই হিসাব কোন জটিলাতা সৃষ্টি করে না বলে আমি বাস্তবে দেখেছি। **আসলে আমাদের চাষিদেরকে যদি আপগ্রেড করতে না পারি তা হলে আগামীর যে কৃষির চ্যালেঞ্জ তা আমরা কাদেরকে দিয়ে মোকাবেলা করব?**

সুতরাং ব্রি'র মতে উৎপাদন খরচ এবং দ্রবণের ঘনত্ব কৃষক পর্যায়ে সঠিক মাত্রায় প্রয়োগ করতে না পারার বিবেচনায় প্রযুক্তিটি মাঠ পর্যায়ে সম্প্রসারণ করা থেকে বিরত থাকা কতটা যৌক্তিক? প্রকৃতপক্ষে আমরা প্রযুক্তিটাতো মাঠেই দিলাম না। সুতরাং চাষিরা দ্রবণের ঘনত্ব ঠিক রাখতে পারবে না বা লাভজনক হবে না অনুমাননির্ভর এমন কথা বলে একটি প্রযুক্তিকে মাঠে সম্প্রসারণ করা থেকে বিরত থাকা কতটা যুক্তিযুক্ত? আমি দেখেছি অধিকাংশ সম্মানিত বিজ্ঞানী একটি কথা বলে থাকেন যে পাতা পুড়ে যাবে। আমি খুব বিণীত ভাবে জানতে চাই এবিষয়ে গবেষনা প্রতিষ্ঠানের ফাইন্ডিংস কি আছে তা দেখুন। না থাকলে পরীক্ষা করে ফলাফল দেখার জন্য অনুরোধ করছি।

<u>শেষ কথাঃ-</u> দেশের জনসংখ্যা প্রতি বছর বাড়ছে ২২ লক্ষ হারে আর আবাদি জমি কমছে ১% হারে। জলবায়ু পরিবর্তনজনিত বা মানুষ্য সৃষ্ট কৃষির নানান সমস্যা যেমন, লবণাক্ততা, তীব্র শীত, খরা, জলাবদ্ধতা, মাটির বিষাক্ততা সৃষ্টি এসকল প্রতিকূল পরিস্থিতি মোকাবেলা করে আমাদের খাদ্যে নিরাপত্তার বিষয়টিকে এগিয়ে নিতে হচ্ছে। সুতরাং নতুন নতুন জাত উদ্ভাবনের পাশাপাশি ব্যবস্থাপনাজনিত কোন প্রযুক্তির সম্পৃক্ততার মাধ্যমে আমাদের প্রাকৃতিক সম্পদ সাশ্রয়, প্রকৃতি ও পরিবেশ সুরক্ষার পাশাপাশি খাদ্য নিরাপত্তার বিষয়টি যদি আমরা এগিয়ে নিতে পারি তবে তা কি কোন দোষের হবে? আমি বিএডিসির মাঠের একজন কর্মকর্তা, গবেষণাটি করেছি নেহায়েত শখের বসে এবং নিজের ভিতরের একান্ত ভালোলাগা থেকে, নানান সীমাবদ্ধতা/ প্রতিকূলতা মোকাবেলা করে। আর গবেষণার বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী মহোদয় এবং মাননীয় কৃষিমন্ত্রী মহোদয়ের উৎসাহমূলক বক্তব্যও রয়েছে। **আমি মনে করি এ বিষয়ে বারি বা ব্রিতে মৃত্তিকা বিজ্ঞান, এগ্রোনমি এবং প্লান্ট ফিজিওলজি বিভাগের বিজ্ঞানীদের সমন্বয়ে ফোলিয়ার ফিডিং নামক একটি ডিভিশন হতে পারে। কারণ, উন্নত বিশ্ব তাদের ফসল উৎপাদনে ফোলিয়ার ফিডিং কৌশল সংক্রান্ত বিষয়ে অনেক এগিয়ে গিয়েছে। পার্শ্ববর্তীদেশ ভারতও এবিষয়ে অনেক এগিয়ে গিয়েছে। গাছকে পুষ্টি প্রদান সংক্রান্ত ফোলিয়ার ফিডিং প্রযুক্তিটিকে সুনির্দিষ্ট নীতিমালার আওতায় এনে দেশের কৃষিতে সম্পৃক্ত করা এখন সময়ের দাবী বলে মনে করি। আমি আরও মনে করি পাতার মাধ্যমে খাদ্য প্রদান সংক্রান্ত বিষয়টি স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের কৃষি শিক্ষার পাঠ্যক্রমের মধ্যে অর্ন্তভূক্ত করার সময় এসেছে। অষ্টম শ্রেণী থেকে ছাত্রদের এ বিষয়ে ধারণা প্রদান শুরু করলে তারাই তাদের ফসল উৎপাদনে প্রযুক্তিটি কার্যকর ভাবে প্রয়োগে সক্ষম হবে। আর এ বিষয়ে আমাদের মাঠ পর্যায়ের কৃষিবিদদের প্রয়াশ তো থাকবেই। আগামীর কৃষির চ্যালেঞ্জ মোকাবেলা করতে হলে আমাদের কৃষিতে আধুনিক প্রযুক্তির সমন্বয় ঘটাতে সচেষ্ট হতে হবে বলে মনে করি। পরিশেষে, আমার এ ক্ষুদ্র প্রয়াস দেশ এবং জাতির কল্যাণে যদি কোন কাজে আসে তবে নিজের পরিশ্রমকে সার্থক মনে করব এবং দেশকে কিছু দিতে পারলাম বলে গর্বিত হব।** এবিষয়ে আমি আবারও সংশ্লিষ্ট সকলের সহযোগীতা প্রত্যাশা করছি। ব্রি কর্তৃপক্ষের ধান চাষে ইউরিয়া সাশ্রয়ী স্প্রে প্রযুক্তি সংক্রান্ত বিষয়ে মতামত প্রদানের প্রেক্ষিতে আমার যে বক্তব্য উপস্থাপন করেছি আশা করব তা আন্তরিকতার সাথে যাচাই করার কার্যকর উদ্যোগ গ্রহণ করা হবে।

"ক্ষুদ্র ক্ষুদ্র বালু কণা বিন্দু বিন্দু জল, গড়ে তোলে মাহাদেশ সাগর অতল"। যে কারও মাধ্যমে উদ্ভাবিত এমন ছোট ছোট প্রযুক্তিও আমাদের খাদ্য নিরাপত্তায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবে বলে মনে করি। আসুন না আমার সবাই মিলে এক সাথে কাজ করে দেশটাকে এগিয়ে নেবার প্রয়াস গ্রহণ করি? পরিশেষে ডিজি ব্রি মহোদয়কে আবারও ধন্যবান জানাচ্ছি।

****

[প্রবন্ধটি ড. কাজী এম বদরুদ্দোজা জাতীয় এমেরিটার্স সায়েন্টিস্ট এর বিশেষ নির্বাচনে জার্নালে ছাপানো হলো। বিষয়টি অত্যন্ত নতুন বলে প্রস্তাবিত ও পরিক্ষিত- এডিটর]

General Instruction for Preparation of Manuscript

Articles dealing with the past activities, present status and future guidelines in one or more disciplines of agriculture will get priority. Original research works, both fundamental and applied will also receive priority. The articles, in addition to being on research results, should preferably be on policy, management, advancement and frontier issues of research, extension and economic aspects.

The topics will cover current and future scenarios for improvement of sustainability of the fragile eco-system, food security, natural resource management, input distribution & management, nutrition, agribusiness, climatic risk management, human resource development and economic implications of rapid globalization obtaining since the recent past. The retrospects and prospects of agricultural improvement *vis-à-vis* the constraints hindering progress of agricultural development etc, are burning topics needing elaborate analysis and synthesis for the policy makers , teachers, researches, extensonists, service providers, marketing agents, NGOs and private sector entrepreneurs.

The authors are to note the following instructions.

1. Typing the manuscript: Manuscript should be typed in double spacing on A4 size papers leaving at least 2.5 cm in all sides. The text to be typed in 10 points and tables 4 or 6 point type, respectively on one side of the page only. The full-length articles ordinarily may not exceed 10 typed pages including Tables, Figurers and References.

2. Title of the article: The title should be short, specific and informative. There may not be any scientific name in the title unless it is absolutely necessary, A running (short) title with in maximum of 40 characters should be typed at the top of each page.

3. Name of the author(s) and of the institution (s) should be written as under:

a) In case of one or more authors working in the same institution as: M. Z. Karim and Ahmedulla U, Department of Agronomy, Bangladesh Agricultural University Mymensigh

b) In case of more than one author working in different Institutes:

M. Z. Karim, Bangladesh Agricultural University Mymensigh[1] and Ahmed U. Sarker, Bangladesh Jute Research Institute[2], Dhaka.

4. **Abstract:** The abstract should be completely self-explanatory in a single paragraph summarizing the objective, method(s), contents and conclusion of the topic. It should be typed in italic font.

5. **Original** research based full-length article may have the following headings: Introduction, Materials and Methods, Results and Discussion followed by a Conclusion. Review articles should be described under necessary headings and sub-headings with comments on each and every important item of discussion.

6) Tables: Each table with a descriptive title should be typed in a separate page. The tables are to be numbered as they are placed in the body of the text.

7) Figures and Photographs: Drawing diagrams, graphs, etc. including photographs all should be printed as required to be placed in the text using appropriate computer programs.

8) Literature citation: In the text citation should be made consistently following the " Name and Year Systems" as Shaikh (1998) or (Shaikh,1998) in case of single author, Alam and Miah (1997)in case of two authors or Rahman *et al.*, (1996) in case of three or more authors. List literature citations, references or bibliography at the end of the paper should be arranged in alphabetical order.as References. Examples:

9. References:

1. Ahmed S.S. 1997. Cytogenetics of the jute, Bangladesh. Jute Fibre Res.10 (2): 107-110.
2. Ali, M.S., S.A. Khan and A.R. Chowduary, 1998. Production of rice in the changing climatic condition of Bangladesh. Bangladesh Agriculture: 1(1): 9-13.
3. BARC, 1995. Fibre Crops of Bangladesh, Bangladesh Agric. Res. Council, Dhaka.
4. Khan A.A.1958. Production of rice without irrigation. In M.A Ali: Bangladesh Agric. Res Council, Dhaka. Pp 217-241.
5. Rahman, S.1987. Water stress in potato. In: Annual Report, Bangladesh Agric, Res. Institute, Gazipur, Pp. 170-190.

10. Two hard copies and a soft copy should be submitted.

The Editor

BANGLADESH AGRICULTURE

Volume 7 **Number 1** **January, 2017**

Published by : Bangladesh Academy of Agriculture, Printed at: Bengal Com-Print
68/5 Green Road, Panthapath, Dhaka, Phone: 01713 009 365
E-mail : bengalprint@gmail.com